

শোকজের জবাব ‘অসন্তোষজনক’, ধর্মঘটে সামিল কর্মচারীদের বেতন কাটার নির্দেশ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চঃ রাজ্যের সরকারি কর্মচারীদের সৌখ মঞ্চের ডাকে গত ১০ মার্চ বকেয়া মহার্ঘভাতার দাবিতে ধর্মঘটের ডাক দেওয়া হয়েছিল। পাল্টা রাজ্য সরকারের তরফেও নির্দেশিকা জারি করে অবস্থান স্পষ্ট করে দেওয়া হয়েছিল। বলা হয়েছিল, ১০ মার্চ ব্যতিক্রমী কারণ ছাড়া অফিসে হাজিরা না দিলে কড়া ব্যবস্থা নেওয়া হবে। তবে সরকারের হুঁশিয়ারির তয়োক্কা না করেই, ধর্মঘটে সামিল হয়েছিলেন সরকারি কর্মচারীদের একাংশ। যারা ১০ মার্চ কাজে যোগ দেননি, তাঁদের শোকজ করা হয়েছিল, সংশ্লিষ্ট দফতরগুলির তরফে। এবার তাঁদের বিরুদ্ধে শেষ পর্যন্ত কড়া পদক্ষেপ নিয়েই ফেলল রাজ্য সরকার। রাজ্যের উচ্চ শিক্ষা দফতর থেকে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয়েছে, যাদের শোকজের জবাব সন্তোষজনক নয়, তাঁদের মার্চ মাসের স্যালারি থেকে একদিনের বেতন কাটা যাবে। এমন একটি তালিকাও প্রকাশ করেছে উচ্চ শিক্ষা দফতর থেকে। রাজ্য সরকারের এই পদক্ষেপকে প্রতিহিংসা হিসেবেই ব্যাখ্যা করছেন আন্দোলনকারীরা। তাঁরা বলেন, “আমরা সরকারি কর্মচারীরা অতীতেও ধর্মঘট করে শান্তিমূলক অবস্থার মধ্যে পড়েছি, মাইনে কাটা গিয়েছে। কিন্তু এই আন্দোলন অত্যন্ত উচ্চতায় পৌঁছে গিয়েছে। মানুষের প্রতিবাদের মুখ খুলে গিয়েছে। সরকারি কর্মচারীরা সব জেনেই এতে অংশগ্রহণ করেছেন। কিন্তু তাঁরা এই ঐতিহাসিক আন্দোলনের ডাক থেকে বারটা দূরে থাকতে চাননি। এতে কর্মচারীরা আরও উজ্জীবিত হচ্ছেন।” অন্যদিকে তৃণমূলপন্থী সরকারি কর্মচারী সংগঠনের তরফ থেকে এটিকে রাজ্য সরকারের স্বাভাবিক প্রতিক্রিয়া হিসেবেই দেখা হচ্ছে। তৃণমূলপন্থী সংগঠনের তরফে মনোজ চক্রবর্তী বলেন, “অতীতে বাম জমানায় সরকারের মদতে বহু ধর্মঘট হয়েছে। সেই ধর্মঘটগুলিকে সফল করতে সরকার নিজেই সচেষ্ট হত। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার রাজ্যে আসার পর সরকারি দফতরে কর্ম সংস্কৃতি ফেরানোর একটি প্রয়াস নেওয়া হয়েছিল। ১০ তারিখে যে ধর্মঘট হল, তাতে নবান্ন থেকে শুরু করে সরকারি দফতরগুলি উপস্থিতি প্রায় স্বাভাবিক ছিল। কেউ যদি সরকারি আদ্যেদলকে উপেক্ষা করে ধর্মঘটে সামিল হয়, তাহলে সরকার শান্তিমূলক ব্যবস্থা নেবে বলেছিল এবং তা নেওয়া হয়েছে।”

রাজ্যের মোট ২৬ হাজার শিক্ষককে শো-কজ!

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চঃ নজিরবিহীন। রাজ্যে একসঙ্গে প্রায় ২৬ হাজার শিক্ষক শিক্ষিকাকে শোকজ করার মধ্যশিক্ষা পর্যদ। ১০ মার্চ ধর্মঘটে অনুপস্থিতির কারণে মোট ২২ হাজার ৮৫৬ জন শিক্ষক শিক্ষিকাকে শোকজ করে মধ্যশিক্ষা পর্যদ। সাম্প্রতিক সময়ে ধর্মঘটের কারণে অনুপস্থিতির জন্য এত সংখ্যক শিক্ষক-শিক্ষিকাকে শোকজ করার ঘটনা কার্যত নব্বই বর্ষের দাবি পর্যদের অধিকারিকদের। সাত দিনের মধ্যে অনুপস্থিতির কারণ উল্লিখিত উত্তর চেয়ে পাঠানো হয়েছে প্রায় ২৬ হাজার শিক্ষক-শিক্ষিকার খেঁচো। এর মধ্যে নদীয়া জেলার শিক্ষক-শিক্ষিকাদের সবথেকে বেশি শোকজ করা হয়েছে। নদীয়া জেলার প্রায় সাত্ে ৬ হাজার শিক্ষক-শিক্ষিকাকে শোকজ করা হয়েছে। ১০ মার্চ ধর্মঘটের অনুপস্থিতির তালিকা বিধি জেলার ডিআইরা পাঠিয়েছে পর্যদ। তবে ভিত্তিতেই রাজ্যজুড়ে শিক্ষকদের শো-কজ মধ্যশিক্ষা পর্যদের। নদীয়া জেলার পাশাপাশি উত্তর চব্বিশ পরাননা, মুর্শিদাবাদ জেলাতেও উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষক শিক্ষিকাদের শো-কজ করার পর্যদ। এর আগে গত ২৬ মার্চ খবর পাওয়া গিয়েছিল, শিক্ষকদের বিরুদ্ধে কড়া মনোভাব নিচ্ছে মধ্যশিক্ষা পর্যদ। সে দিনই ১০ মার্চ সংগ্রামী সৌখ মঞ্চের ঢাকা ধর্মঘটের দিন অনুপস্থিত থাকা শিক্ষক-শিক্ষিকাদের শো কজের প্রক্রিয়া শুরু করে পর্যদ।

‘আমি গান্ধি, সাভারকার নই’

সাংবাদিক সম্মেলনে আক্রমণাত্মক রাহুল

নয়াদিল্লি, ২৫ মার্চঃ সাংসদ পদ হারানোর পর শনিবার প্রথম সাংবাদিকদের মুখোমুখি হলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধি। এই বৈঠক থেকে একাধিক বিস্ফোরক মন্তব্যও করেছেন তিনি। আর তিনি স্পষ্ট জানিয়ে দিয়েছেন, সরকারের কাছে ক্ষমা চাইবেন না তিনি। সাংবাদিক বৈঠকে রাগা বলেছেন, আমার নাম সাভারকার নয়। আমি গান্ধি। গান্ধিরা কখনও ক্ষমা চায় না। প্রসঙ্গত, বৃহস্পতিবার সুরাট আদালত কংগ্রেস নেতা রাহুল গান্ধিকে মোদি পদবি মামলায় দোষী সাব্যস্ত করে। এর জন্য তাঁর দু’ বছরের কারাদণ্ডও দেয় আদালত। আর সুরাট আদালতের রায়ের ২৪ ঘণ্টার মধ্যেই সাংসদ পদ খারিজ হয় রাগার। তারপর আজ প্রথম সাংবাদিক বৈঠক করেন তিনি। শুরুতেই তিনি তাঁর উপর নেমে আসা আক্রমণের কারণ ব্যাখ্যা করেন নিজের মতো করে। তাঁর দাবি, মোদি-আদানি সম্পর্ক নিয়ে প্রশ্ন করার জন্যই তাঁর সাংসদ পদ খারিজ করা হয়েছে এবং ২ বছর কারান্তবালের সাজা শোনানো হয়েছে। এরপর এক সাংবাদিক রাহুলের উদ্দেশে প্রশ্ন করেন, তিনি নিজের মন্তব্যের জন্য ক্ষমা চেয়ে নিলে হয়ত তিনি এই মানহানির মামলায় দোষী সাব্যস্ত হওয়ার বিষয়টি এড়িয়ে যেতে পারতেন। এই প্রশ্নের উত্তরে রাহুলের সপাটে জবাব, “আমার নাম সাভারকার নয়। আমি গান্ধি। গান্ধিরা কখনও ক্ষমা চায় না।” ক্ষমা চাওয়া তো দুরস্থ। রাহুল জানিয়েছেন, তাঁকে কোনওভাবে ভয় দেখিয়ে থানানো যাবে না। রাহুল আজ বলেন, “আদানির উপর সংসদে আমার পরবর্তী বক্তব্য নিয়ে ভীত প্রধানমন্ত্রী। আমি সেটা তাঁর চোখে দেখতে পেয়েছি। সেই কারণেই প্রথম মামলা। তারপর বিস্ফোর। এটা

নিয়ে বিভ্রান্ত হবেন না।” সাংবাদিকদের মুখোমুখি হয়ে, এই কারণই ব্যাখ্যা করলেন রাহুল। তারপর তাঁর স্পষ্ট বার্তা, ভয় দেখিয়ে, জেলে ভরে, সংসদ থেকে বের করে দিয়ে তাঁর প্রশ্ন করা থানানো যাবে না। তিনি গণতন্ত্রের স্বার্থে কাজ করে যাবেন। প্রসঙ্গত, ভারত জোড়ো যাত্রার

সময়ই বিনায়ক দামোদর সাভারকারকে নিয়ে রাহুলের মন্তব্যে বিতর্ক ছড়িয়েছিল। সে সময় তিনি বলেছিলেন, সাভারকার আন্দামনের সেগুলার জেলে থাকাকালীন ব্রিটিশ সরকারের কাছে ক্ষমা চেয়ে চিঠি লিখেছিলেন। তারপরই মুচলেকা দেওয়ায় তাঁকে জেল থেকে ছেড়ে দেওয়া হয়। এমনকী তিনি দাবি করেছিলেন, ব্রিটিশদের থেকে তিনি পেনশনও নিতেন। সেই সময় রাহুল আরও বলেছিলেন, স্বাধীনতা সংগ্রামের সময় সাভারকার ব্রিটিশ সরকারকে সাহায্য করেছিলেন। এবার সাংবাদিকদের ক্ষমা চাওয়ার প্রশ্নে সেই সাভারকারকেই তুলে আনলেন রাহুল। আর নিজের স্বাভিমান নিয়ে বললেন,

তিনি গান্ধি, গান্ধিরা কখনও ক্ষমা চায় না। এ দিন কংগ্রেস নেতা রাহুল গান্ধি আরও বলেন, সংসদে আমি নরেন্দ্র মোদি-সৌতম আদানির সম্পর্ক নিয়ে প্রশ্ন তুলেছিলাম। সৌতম আদানির শেল কোম্পানিতে ২০ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হয়েছিল তা বলেছিলাম। এই টাকা কোথা থেকে এল? এই টাকা তো আদানির নয়। ২০ হাজার কোটি টাকা কার? এই প্রশ্নটিই আমি করেছিলাম। এরপর কী হল, তা আপনারা সকলে দেখেছেন। সংসদে আমি সংবাদ মাধ্যমের রিপোর্ট দেখিয়ে, আদানি ও মোদির সম্পর্ক নিয়ে বিস্তারিত বলেছিলাম। এই সম্পর্ক নতুন নয়। নরেন্দ্র মোদি যখন গুজরাটের মুখ্যমন্ত্রী ছিলেন, সেই সময় থেকে সম্পর্ক। সংসদে মোদি-আদানির এই সম্পর্ক নিয়ে প্রশ্ন করাতেই সংসদের কার্য বিবরণী থেকে আমার বক্তব্য বাদ দেওয়া হয়েছিল। স্পিকারকে বলেছি, সংসদে কোনও সদস্য অন্য সদস্যের বিরুদ্ধে অভিযোগ তুললে সেই অভিযুক্ত সদস্যের জবাব দেওয়ার অধিকার রয়েছে। কিন্তু একাধিক চিঠি লেখার পরও কোনও জবাব পাইনি।” তিনি আরও বলেন, “সংসদে যাতে আমায় বলতে দেওয়ার সুযোগ দেওয়া হয়, তার জন্য আমি স্পিকারকে চিঠি লিখেছিলাম। সেই চিঠির কোনও উত্তর পাইনি। এরপরে দ্বিতীয়বার আমি চিঠি লিখি, সেই চিঠিরও কোনও জবাব মেলেনি। আমি লোকসভার স্পিকারের ঘরে গিয়ে ব্যক্তিগতভাবে দেখা করি, অনুরোধ করি যে এই গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে আমায় বলতে দেওয়া হোক। কেন আমায় বলার সুযোগ দেওয়া হচ্ছে না, এই প্রশ্ন করলে উনি শুধু হাসি মুখে বলেন, আমি এটা করতে পারব না। বরং আমার সঙ্গে বসো, চা খাও।”

এসএসসি নিয়োগ দুর্নীতিতে প্রায় ৮ হাজার ওএমআর শিটে কারচুপি!

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চঃ স্থল সার্ভিস দুর্নীতি মামলার তদন্তে নেমে একের পর এক অভিযুক্তকে প্রেফরার করছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। এসএসসি দুর্নীতিতে শুক্রবার গাজিয়াবাদ থেকে প্রেফরার করা হয়েছিল নীলাদ্রি দাস নামের এক ব্যক্তিকে। নীলাদ্রি যে সংস্থার অধিকারিক সেই সংস্থার হাতেই ছিল এসএসসি পরীক্ষার ওএমআর শিট তৈরির দায়িত্ব। গাজিয়াবাদ ও দিল্লির অক্ষধামে সেই সংস্থার অফিসে তল্লাশি চালিয়ে ওএমআর বিকৃতির ব্যাপারে একাধিক তথ্য এসেছে সিবিআইয়ের হাতে। নাইসা নামে ওই সংস্থার অফিস থেকে ওএমআর শিটে সংগ্রহও করেছে সিবিআই। সিবিআইয়ের দাবি, এসএসসি গ্রুপ সি-র নিয়োগ পরীক্ষায় ৬ হাজার ৪৮১টি ওএমআর বিকৃত করা হয়েছে। এসএসসি গ্রুপ ডি-তে ২ হাজার ৮২৩টি ওএমআর বিকৃত হওয়ার দাবি সিবিআইয়ের। এর পাশাপাশি নবম-দশম, একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগেও ওএমআর শিটের দুর্নীতি নজরে এসেছে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার। তাঁরা জানিয়েছে, নবম ও দশমের ১৫২টি, একাদশ ও দ্বাদশের ৯০৭টি ওএমআর শিটে গরমিল রয়েছে। ওএমআর শিটে

কার্যচুপি নিয়োগ দুর্নীতির অন্যতম অংশ। ওএমআর বিকৃতির তদন্তে বেশ কয়েকমাস আগে দিল্লি ও গাজিয়াবাদে নাইসার অফিসে তল্লাশি অভিযান চালিয়েছিল সিবিআই। নাইসার সার্ভার থেকে তথ্য সংগ্রহ করার পাশাপাশি হার্ডডিস্ক বাজেয়াপ্ত করে কার্যচুপি বহু তথ্য হাতে পান তদন্তকারীরা। এখনও পর্যন্ত ওএমআর কার্যচুপি এই তথ্য হাতে এসেছে তদন্তকারীদের। যা ইতিমধ্যে হাই কোর্ট জমা দিয়েছে সিবিআই। তদন্তকারীদের দাবি, এই সংখ্যা আরও বাড়তে পারে। নীলাদ্রি দাসকে জিজ্ঞাসাবাদ করে ওএমআর শিট কার্যচুপি আরও তথ্য জানা গিয়েছে, কেরানায় আক্রান্ত লক্ষ্মেই তাঁকে প্রেফরার করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। নাইসার ভাইস প্রেসিডেন্ট নীলাদ্রির দাস কার নির্দেশে নিয়োগ সংক্রান্ত


ওএমআর কার্যচুপি করতেন তা জানার চেষ্টা চালাচ্ছেন গোয়েন্দারা। নীলাদ্রির হয়ে এই ওএমআর কার্যচুপি কাজ করা কারা করতেন তা জানার চেষ্টা চালাচ্ছেন তদন্তকারীরা। এই কার্যচুপি করে আর্থিক কী ভাবে ওই সংস্থা লাভবান হয়েছিল তাও নজর রাখা হচ্ছে। পাশাপাশি নীলাদ্রি আর্থিক ভাবে কতটা লাভবান হয়েছিলেন তাও খতিয়ে দেখছে সিবিআই।

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চঃ ফর উত্তেগ বাড়ছে কেরানায়। আবারও করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুর ঘটনা ঘটল রাজ্যে। শনিবার সকালে বেলেঘাটা আইডি হাসপাতালে মৃত্যু হয়েছে সন্তোষার্থ একে ব্যক্তির। ওই ব্যক্তির অবস্থা কো-মর্বিডটি ছিল। করোনায় আক্রান্ত হওয়ার পাশাপাশি অন্যান্য শারীরিক সমস্যাও ছিল। তবে গোটা বিষয়টি নিয়ে উদ্বিগ্ন স্বাস্থ্য অধিকর্তারা। পরিস্থিতি মোকাবিলায় সোমবার কেন্দ্রের সঙ্গে বৈঠকে বসছেন স্বাস্থ্য ভবনের অধিকারিকেরা। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, কেরানায় আক্রান্ত হয়ে মৃত ব্যক্তির নাম গোবিন্দ কুণ্ড (৭২)। নদীয়ার বাসিন্দা গোবিন্দ কুণ্ড কয়েকদিন আগেই করোনায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন। গত চারদিন সল্টলেকের এক বেসরকারি হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। শুক্রবার রাতে বেলেঘাটা আইডি হাসপাতালে স্থানান্তরিত করা হয় তাঁকে। এদিন সকালে ওই হাসপাতালেই তাঁর মৃত্যু হয়।

কাগজের টিকিট স্মৃতি, কলকাতা মেট্রোর নয়া ব্যবস্থায় আর লাগবেই না টিকিট

নিলে, তা দিয়ে বেশ কয়েকবার যাতায়াত করা সম্ভব হত। ওই বছর থেকেই বাদ পড়ে ম্যাগনেটিক টিকিট। বদলে আসে স্মার্ট টোкен। এর ফলে যাত্রীদের জন্য পরিষেবা আরও সহজ হয়। এরপর নেট দুনিয়ায় প্রবেশ মেট্রোর। ২০২০

কার্ডে টাকা ভরার জন্য এই একটি অ্যাপই যথেষ্ট। সময়ের সঙ্গে সঙ্গে আসবে আরও পরিবর্তন। কলকাতা মেট্রোর মূখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন, বর্তমানে ব্লু লাইন, গ্রিন লাইন ও পার্পল লাইনে মেট্রো চালাত লেন।



সাল থেকে শুরু হয় অনলাইন রিচার্জ পদ্ধতি। স্মার্ট কার্ডে টপ আপ করার জন্য বা মেয়াদ ব্যতানোর জন্য আর লাইনে দাঁড়ানোর প্রয়োজন পড়ত না। বাড়িতে বসেই সেই কাজ করে নেওয়া যেত সহজেই। ২০২২-এ মেট্রো নিয়ে এসেছে ‘মেট্রো রইড কলকাতা’ নামে একটি অ্যাপ। স্মার্ট

খুব শীঘ্রই চালু হবে অরেঞ্জ লাইন (কবি সুভাষ থেকে হেমন্ত মুখোপাধ্যায়)। এই ব্লু লাইন ও পার্পল লাইনে চালু হবে কিউআর কোড ভিত্তিক টিকিটের ব্যবস্থা। অর্থাৎ টিকিট কাটারই কোনও প্রয়োজন নেই। মোবাইলে আউল হোয়ালেই যাতায়াত করতে পারবেন যাত্রীরা।

বাবাও অনেককে চাকরি করে দেন। উদয়ন উনি পাগলের মতো কথা বলছেন ফিরহাদ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চঃ বাম আমলের মন্ত্রী তথা বাবাকে কাঠগড়ায় তুলেছিলেন তৃণমূল আমলে মন্ত্রীর পুত্র। এ বার সেই মন্তব্যের জন্য উদয়ন গুহকে একহাত নিলেন তাঁর সহকর্মী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। তিনি দাবি করলেন, চিরকুটে কখনওই কাউকে নিয়োগ করা যায় না। সত্যিই উদয়ন ‘পাগলের মতো’ কথা বলছেন বলেও জানিয়েছেন ফিরহাদ। শনিবার ‘টক টু মেয়র’ কর্মসূচিতে উদয়নের মন্তব্য নিয়ে প্রশ্ন করা হয়েছিল ফিরহাদকে। সেখানেই তিনি রীতিমতো ঝাঁজিয়ে উঠে বলেন, “ও কী পাগলের মতো বকছে, আমার জানা নেই।



এটা নিয়ে আমার কোনও বক্তব্যই নেই। কারণ চিরকুটে কোনও দিন লোক ঢোকানো যায় না। একটা আবেদনপত্র লাগে।” উদয়ন দাবি করেছে, ৭০-এর দশকে তাঁর বাবার আমলে চিরকুটের মাধ্যমে নিয়োগ হত। ফিরহাদ তা-ও মানতে চাননি। তিনি বলেন, “আগে যখন সার্ভিস কমিশন বা রিক্রুটমেন্ট রুলস ছিল না, তখনও আমাদের স্কুলগুলিতে দেখেছি, গভর্নিং বডি বসে নিয়োগ করত। একটি প্যানেল তৈরি করত। সেটা ৭০-এর দশকে আমরা দেখেছি।” ফিরহাদ এ-ও জানালেন, তাঁকেও অনেকেই চাকরি করিয়ে দেওয়ার অনুরোধ করেছিলেন। তবে তিনি জানিয়ে দিয়েছিলেন, এ ভাবে নিয়োগ হয় না। তাঁর কথায়, “আমি যখন কাউন্সিলর, তখন অনেকে বলতেন, আরে এক জনকে কর্পোরেশনে ঢুকিয়ে দাও না। ছেলোটা বসে রয়েছে। আমি বলতাম, ‘দিদি, কর্পোরেশনে ও ভাবে লোক ঢোকানো যায় না।’ যখন থেকে ‘রিক্রুটমেন্ট রুলস’ তৈরি হল, তখন থেকে এ ভাবে আর লোক ঢোকানো যায় না।” উদয়নের অভিযোগ, যারা আজকে রাস্তায় নেমে ‘যোগাযের ব্যক্তিগত কথা হয়েছে’, তাদের পূর্বসূরীরা ‘যোগাযের বিধিত করে’ই চাকরি দিয়েছেন। বাম আমলে সর্বক্ষণের কর্মীদের ভাতা না দিতে পেলে তাঁদের স্ত্রীদের জন্য চাকরির ‘বদোবস্ত’ করে দেওয়া হত বলেও অভিযোগ করেছেন উদয়ন। বাবার কথা তুলে ধরে

৪৪ দিন পর অনশন তুলে নিলেন ডিএ মঞ্চের আন্দোলনকারীরা



দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চঃ বকেয়া মহার্ঘ ভাতার দাবিতে বিক্ষোভ চরম্বিল। লাগাতার আন্দোলন করছিলেন সরকারি চাকুরিজীবীরা। করেছেন অশালীন। অসুস্থও হয়ে পড়েছিলেন অনেকে। সরকারের বিরুদ্ধে গিয়ে ধর্মঘট করার জন্য শোকজও হয়েছেন। এবার বড় সিদ্ধান্ত নিলেন তাঁরা। অনশন তুলে দিলেন আন্দোলনকারীরা। ৪৪ দিন উঠল অনশন। তবে আন্দোলন তাঁরা চালিয়ে যাবেন বলে জানিয়েছেন সরকারি কর্মীরা। কিন্তু কেন তুলে নিলেন অনশন? সৌখ মঞ্চের ডাকে লাগাতার আন্দোলন করছিলেন সরকারি কর্মচারীরা। ৪৪ দিন ধরে তাঁরা অনশনও তালিয়ে যাচ্ছিলেন। আন্দোলনাত এক কর্মী জানান যে অনেকেই অসুস্থ হয়ে পড়েছিলেন। সেই কারণে অনশন স্থগিত রাখা হয়েছে। তবে প্রয়োজন পড়লে ফের অনশনে বসবেন বলেও হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা। আন্দোলনকারীরা দাব্য জানিয়েছেন, “প্রয়োজন পড়লে ফের আন্দোলনে বসব। আমার সঙ্গে আরও একজন অনশনকারী রয়েছেন তাপস সিংহ। তিনিও তাঁর অনশন আপাতত স্থগিত রেখেছেন। আমাদের শারীরিক পরীক্ষা করা হবে।” তিনি বলেন, “অনেকেই অনশন শুরু করলেও শেষ পর্যন্ত দু’জন ছিলেন।” দাব্যের যোগ্য কৃষ্ণক বরেন, “আমরা শুধুমাত্র আন্দোলনের অভিযুক্ত যোগাযের। ২৯ তারিখ গণ-অনশন হবে। তবে ওইদিন বারদার-প্যাটিস খেয়ে ফের অনশন হবে। এতদিন আমরা না খেয়ে অনশন করছি।” প্রসঙ্গত, ডিএ-র দাবিতে রাজ্য সরকারের বিরুদ্ধে আন্দোলনে নেমেছেন রাজ্যের সরকারি কর্মচারীদের একাংশ। কেন্দ্রের সমহারে ডিএ-র দাবিতে অনড় তাঁরা। বিধানসভায় বাজেট অধিবেশনে রাজ্য সরকারের তিন শতাংশ ডিএ ঘোষণা খুশি করতে পারেনি ডিএ আন্দোলনকারীদের। শহিদ মিনারে কয়েক সংগ্রহ ধরেই ধরনা দিচ্ছেন তাঁরা। যদিও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সাফ জানিয়েছেন, “আমি অধিকার কাড়ার পক্ষে নেই, অধিকার দেওয়ার পক্ষে। যেটা আইনি স্বীকৃতা।” রাজ্য সরকারি কর্মচারীদের কেন্দ্রের হারে ডিএ দেওয়া সম্ভব নয় বলেও সাফ জানিয়ে দেন মুখ্যমন্ত্রী মমতা। তাঁর কথায়, “কাজ করবেন রাজ্য সরকারে, আর কেন্দ্রের হারে টাকা দিতে হবে, সেটা চলতে পারে না। রাজ্য রাজ্যের পে কমিশন অনুযায়ী চলে। আমরা যষ্ঠ পে কমিশন অনুযায়ী টাকা দিয়েছি।”

শিক্ষায় নজির বাংলার, বাঁকুড়াকে বিশেষ পুরস্কার দিচ্ছে কেন্দ্রীয় সরকার

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২৫ মার্চঃ শিক্ষা দফতরের বিরুদ্ধে সাম্প্রতিককালে অভিযোগ উঠেছে একাধিক। কার্যত নান্দানাব্দ রাজ্য সরকার। এরই মধ্যে এল সুখবর। শিক্ষার জন্যই পুরস্কার পাচ্ছে বাঁকুড়া। সমগ্র শিক্ষা মিশনে এই পুরস্কার পেতে চলেছে বাঁকুড়া। গত ১০ মার্চ বাঁকুড়ার জেলাশাসককে এ বিষয়ে চিঠি দিয়েছে কেন্দ্র। ‘প্রোমোটিং কোয়ালিটি এডুকেশন ইউথ অ্যান্ড ইকুইটিবল অ্যান্ড ইনক্লুসিভ রাসারক এনভায়রনমেন্ট’ এই বিভাগেই পুরস্কার দেওয়া হচ্ছে। অর্থাৎ শ্রেণিকক্ষে শিক্ষাদানের পরিবেশ ওব পদ্ধতির জন্যই বাঁকুড়া জেলা প্রশাসনের ঘরে আসতে চলেছে প্রধানমন্ত্রীর নামাঙ্কিত পুরস্কার। ২০২২-এর ‘প্রাইম মিনিস্টারস অ্যাওয়ার্ড’-এর জন্য নির্বাচিত হয়েছে এই জেলা। বাঁকুড়া জেলার এই সাফল্যের কথা যাবে সবার জানচিত পারেন, তাই জন্য জেলাশাসকের কাছে লেখা চেয়েছে কেন্দ্র। ১২০০ থেকে ১৫০০ শব্দের একটি লেখা চেয়ে পাঠানো হয়েছে। এই বিষয়গুলিকেই মলাটবন্দি করে প্রকাশিত হয় ‘কফি টেবিল বুক’। জানা গিয়েছে এই জেলার একাধিক স্কুলে অভিনব পদ্ধতিতে পড়ানো হয়, বাতে পড়ারায় অনেক সহজে আর নির্ভয়ে পঠন পাঠন করতে পারেন। সে কারণেই এই পুরস্কার দেওয়া হচ্ছে। রাজ্যের শিক্ষা দফতর নিয়ে বিতর্কের শেষ নেই। নিয়োগ সহ একাধিক অভিযোগ উঠেছে। শিক্ষক বা পড়ায় সংখ্যা, স্কুলগুলির বহোল দশা নিয়েও চর্চা হয়েছে বারবার। তাই এই পুরস্কার যে তাৎপর্যপূর্ণ, তেমনটাই মনে করছে ওয়াকিবহাল মহল।

ইউএপিএ আইন নিয়ে সুপ্রিম কোর্টের বড় সিদ্ধান্ত



নয়াদিল্লি, ২৫ মার্চ : ইউএপিএ আইন নিয়ে সুপ্রিম কোর্টের বড় সিদ্ধান্ত সামনে এসেছে। সুপ্রিম কোর্ট বলেছে, নিষিদ্ধ সংগঠনের সদস্য হওয়াও আইন ব্যবস্থার আওতাব। আসবোবিচারপতি এম আর শাহের নেতৃত্বে তিন সদস্যের বেঞ্চ সুপ্রিম কোর্টের পুরনো সিদ্ধান্ত পরিবর্তন করেছে, যেখানে বলা হয়েছে শুধু সদস্য হওয়া অপরাধ নয়। আদালত ইউএপিএ এর ১০(এ)(১) ধারা বহাল রেখেছে।২০১১ সালে বিচারপতি মার্কেন্ডেয় কাটজুর নেতৃত্বে দুই সদস্যের বেঞ্চ বলেছিল যে, শুধুমাত্র একটি নিষিদ্ধ সংগঠনের সদস্য হলেই ব্যবস্থা নেওয়া হবে না।২০১৪ সালে বিচারপতি দীপক মিশ্রের বেঞ্চ বিষয়টিতে একটি বড় বেঞ্চে পাঠায়। গত ৯ ফেব্রুয়ারি বিচারপতি এমআর শাহের নেতৃত্বাধীন বেঞ্চ রায় সরক্ষণ করেন।

কলকাতায় কংগ্রেসের মৌদিবিরোধী বিক্ষোভ

কলকাতা, ২৫ মার্চ : কলকাতায় নরেন্দ্র মোদীর ছবি বুকে বুলিয়ে হিটলার সেজে মিছিল বার হয়েছে। এই ভাবে কংগ্রেস নেমেছে রাস্তায়।শনিবার বৌবাজারে ব্যাংক অফ ইন্ডিয়ার সামনে কংগ্রেস সমর্থকরা বিক্ষোভ দেখায়। সমবেতদের মধ্যে একজন হিটলার সেজেছেন নাসিনায়কের মত উর্দি পড়ো। তার বুকে হাতে আঁকা সেন্দ্রন মোদীর ছবি দৃশ্য সাংবাদিককে তিনি বলেন, আমি একজন রাজনৈতিক শিল্পী। রামকৃষ্ণ, বিবেকানন্দ সবই সাজি। যেই ডাকে সাড়া দিই। হিটলার কেমন লোক ছিলেন, জানেন? এই প্রশ্নের উত্তরে তিনি বলেন, বিশদ জানিনা। এটুকু জানি তিনি ভাল লোক ছিলেন না। সমবেতদের দু’একজনের বুকে সাদা কাগজে ইংরেজিতে মোদীর চারটি ইংরেজি অক্ষর এম ও ডি আই-র পাশে বড় করে লেখা মার্ডার অফ ডেমোক্রাসি ইন ইন্ডিয়া। মৌদিবিরোধী নানা রকম ধর্মি বৈশ্বৈক্যকারীরা।

ন্যাটোর সঙ্গে সংঘাত চায় না রাশিয়াঃমেদভেদেভ

মস্কো, ২৫ মার্চ : ন্যাটোর সঙ্গে রাসারি সংঘাতে জানোার কোনও পরিকল্পনা নেই রাশিয়ার। এমনটাই জানিয়েছেন প্রাক্তন রুশ প্রেসিডেন্ট দিমিত্রি মেদভেদেভ। শুক্রবার তিনি আরও বলেন আলোচনার মাধ্যমেই ইউক্রেন সংকট সমাধানে আগ্রহী মস্কো।প্রেসিডেন্ট ক্লাদিমির পুতিনের ঘনিষ্ঠ মিত্র ও রাশিয়ার নিরাপত্তা পরিশূদের ডেপুটি চেয়ারম্যান মেদভেভেদ বলেন, ইউক্রেনের রাজধানী কিয়েভ কিংবা পূর্বাঞ্চলীয় লডিভ পর্যন্ত এগোতে পারে রুশ বাহিনী। এর আগে আমেরিকা ও তার ন্যাটো। মিত্ররা রাশিয়াকে ভাঙতে ও ধ্বংস করতে চায় বলে অভিযোগ করেন মেদভেদেভ।অন্যথ্য তার হুঁশিয়ারি, ক্রিমিয়া উপদ্বীপ দখলে ইউক্রেন কোনও ধরনের চেষ্টা চালালে কিয়েভের বিরুদ্ধে সব ধরনের অস্ত্রের ব্যবহার করবে রাশিয়া।গেল বছর ইউক্রেনে পুতিন সৈন্য পাঠানোর পর মেদভেভেভের উপস্থিতি চোখে পায়র ততো। যুদ্ধ শুরুর পর যে কজন কর্মকর্তা সামনে এসেছেন, তার মধ্যে তিনি অন্যতম। প্রায়শই তিনি বিক্ষোভক মন্তব্য করে যাচ্ছেন।এর আগে মেদভেভ সভ বলেছিলেন আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) পরোয়ানা জারি পর প্রেসিডেন্ট পুতিনকে প্রেফরারের চেষ্টা করা হলে তা রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার শামিলা।

টুইট করে রাহুলের পাশে দাঁড়ালেন মমতা

কলকাতা, ২৫ মার্চ : তিক্ততা ভুলে লোকসভা থেকে বরখাস্ত রাহুল গান্ধী পাশে দাঁড়ানেন বাংলার মুখমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। টুইট করেছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভ্যৈক বন্দ্যোপাধ্যায়ও।মমতা টুইটে লিখেছেন, ‘মৌদীর নতুন ভারতে বিরোধী নেতারই বিজেপির মূল নিশানা হয়ে উঠেছেন। যখন ফৌজদারি মামলার অতীত থাকে বিজেপি নেতাদের মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত করা হচ্ছে, তখন বিরোধী নেতাদের বরখাস্ত করা হচ্ছে অত্যাণ দেওয়ান জন্ম! আজ, গণতন্ত্র নতুন নীতিভাষ পৌঁলো’’অভ্যৈক টুইটে লেখেন, ‘‘ ভারত এখন সেনার পাখরবাটি’’

গুণমান ও সাশ্রয়ী মূল্যের চিকিৎসা সুবিধার মাধ্যমে দরিদ্র ও মধ্যবিত্তদের ক্ষমতায়নের কাজ করা হয়েছে ঃপ্রধানমন্ত্রী

চিকিাবল্লাপুর, ২৫ মার্চ : গুণমান ও সাশ্রয়ী মূল্যের চিকিৎসা সুবিধার মাধ্যমে দরিদ্র ও মধ্যবিত্তদের ক্ষমতায়নের কাজ করা হয়েছে। বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, আমাদের দেশে প্রায় ১০ হাজার ওষধী কেন্দ্র রয়েছে এবং এর মধ্যে এক হাজারের বেশি কর্গটিকে রয়েছে। প্রধানমন্ত্রী শনিবার সকালে কর্গটকের চিকিাবল্লাপুরে শ্রী মধুসূদন সাই ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস এন্ড রিসার্চের উদ্বোধন করেছেন। গ্রামাঞ্চলে চিকিৎসা সংক্রান্ত শিক্ষা ও পরিষেবা নিয়ে যাতে ব্যবসা না হয়, তা সুনিশ্চিত করাই এই প্রতিষ্ঠানের লক্ষ্য।এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী



বলেছেন, আমাদের গরিব দরদী সরকার শিক্ষার মাধ্যমে মানুষকে ক্ষমতায়ন করতে অনেক কিছু করেছে। চিকিৎসা শিক্ষা এখন

কমন্ড-সহ সমস্ত ভারতীয় ভাষায় উপলব্ধ করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেছেন, কয়েক দশক ধরে, দরিদ্রদের শুধু ‘ভোট ব্যাঙ্ক’ হিসাবে

ব্যবহার করা হয়েছে, কিন্তু বিজেপি সরকার দরিদ্রদের সেবাকে নিজেদের সর্বোচ্চ এবং প্রাথমিক লক্ষ্য বানিয়ে সত্যিকার অর্থে তাদের ক্ষমতায়ন করেছে।প্রধানমন্ত্রী আরও বলেছেন, সম্মিলিত প্রচেষ্টা ভারতের উন্নয়নের দিকে বিস্ময়কর ফলাফল আনতে পারে, তাই বিজেপি ‘জন ভাগিদারি’-এর উপর দৃষ্টি নিবদ্ধ করছে। ভারতের উন্নয়ন যাত্রায় সামাজিক ও ধর্মীয় সংগঠনগুলির একটি বড় ভূমিকা রয়েছে। মৌদীর কথায়, ‘আজাদী কা অমৃত মহোৎসব’-এ একটি উন্নত দেশ হওয়ার পথে এগিয়ে চলতে বদ্ধ পরিকর ভারত।

রমজানের শুরুতেই বাংলাদেশে বাজারে সব প্রয়োজনীয় সামগ্রীর দাম চড়া

ঢাকা, ২৫ মার্চ : শুক্রবার পবিত্র রমজানের সন্ধ্যা হয়েছে বাংলাদেশ-সহ এশিয়ার ইসলামিক দেশগুলিতে। রমজানের শুরুর দিনই বাজারের চড়া দামে হাতে ছাঁকা মধ্যবিত্তরা কেনাবেচা সারতে অন্যান্য বছর যেখানে ঢাকার কাঁচা বাজারগুলিতে ক্রেতাদের ভি থাকে, সেখানে এবার ক্রেতাদের তেমন দেখা নেই। মহাখালি ও বনানীর কাঁচা বাজারে যারা বাজার করতে আসছেন, তারা মন ভরে বাজার করতে পারছেন নারমজানের জন্য।

প্রয়োজনীয় পণ্য বিক্রি হচ্ছে অত্যন্ত বাড়তি দামে। আগুন মাংসের বাজারেও ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশের হিসেব অনুযায়ী, গত বছরের রমজানের চেয়ে এবারের রমজানে প্রতিটি পণ্যের দাম ১০ থেকে ৫১ শতাংশ বেশি রাখা হচ্ছে। রমজানে ছোলার চাহিদা থাকায় কেজি প্রতি দাম বেড়ে ৮৫ টাকা থেকে বেড়ে দাঁড়াল ১২০ টাকা। মসুর ডাল ৯৫ থেকে বেড়ে ১৩৫ টাকা, বিভিন্ন ধরনের বেগুন ৮০ থেকে ১২০ টাকা, শসা ৬০ থেকে

৭০ টাকা, টমেটো কেজি ৫০ থেকে ৬০ টাকা, বেসনের কেজি বিক্রি হচ্ছে ১০০ থেকে ১২০ টাকা, সয়াবিন তেল কেজি ১৯০ থেকে ২০০ টাকা, চিনি বিক্রি হচ্ছে ১১২- ১২০ টাকা কেজি দরে।ইফতারের প্রধান উপকরণ খেজুর বিক্রি হচ্ছে কেজি প্রতি ৫৫০ টাকা- ১৬০০ টাকা দরে। বাজারে মাংসের দামেও যেন আগুন। গরুর মাংস ৭৫০ থেকে ৮০০ টাকা কেজি, খাসির মাংস ১১০০ থেকে ১২০০ টাকা

কেজি, ব্রয়লার মুরগি ২৭০ টাকা কেজি, সোনালি মুরগি ৩৯০ টাকা কেজিতে বিক্রি হচ্ছে।মূলত রমজানকে কেন্দ্র করে বেশিরভাগ নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম আগেই বেড়েছিল, এর মধ্যে মুরগির মাংস-সহ কয়েকটি পণ্যের দাম গত এক সপ্তাহের মধ্যে কিছুটা বেেছে। দাম বাড়ার কারণ নিয়ে বিক্রেতাদের দাবি, তারা পাইকারি বাজার থেকে বেশি দামে পণ্য কিনছেন, তাই বাড়তি দামেই বিক্রি করতে হচ্ছে।

মন-কি-বাত অনুষ্ঠানের ৯৯-তম রবিবার, দেশবাসীর সঙ্গে মনের কথা ভাগ করবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৫ মার্চ : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রবিবার, ২৬ মার্চ মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে মনের কথা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বোতার অনুষ্ঠানের ৯৯-তম পর্ব।

রবিবার বেলা ১১-টায় আকাশবাণী ও দূরদর্শনে প্রধানমন্ত্রীর মন-কি-বাত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন-কি-বাত অনুষ্ঠানে জনগণের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে

নেবেন।প্রধানমন্ত্রীর মন-কি-বাত অনুষ্ঠান শোনা যাবে আকাশবাণী ও দূরদর্শনের প্রায় সবকটি প্রচার তরঙ্গে বেলা ১১-টা থেকে। এছাড়াও পিএমও, এআইআর, নিউজ, ডিডি নিউজ, তথ্য ও সম্প্রচার

মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে। প্রধানমন্ত্রীর মনের কথা শোনার জন্য দেশবাসীও যথেষ্ট আগ্রহী থাকেন। এবার প্রধানমন্ত্রী কী বার্তা দেন, তা জানার অপেক্ষায় গোটা দেশ।

ইন্ডিজিনাস পিপল ফোরামের মিছিলে কাঁপল হাফলং শহর

হাফলং (অসম) ২৫ মার্চ :গনো বাইফারকেশন নো স্টেটইন্ডিজিনাস পিপল ফোরাম এই স্লোগান দিয়ে বৃহস্পতিবার উত্তাল করে তুললো হাফলং শহর। পূর্ববঙ্গ উত্তর কাছা। পার্বত্য জেলা তথা বর্তমান ডিমা হাসাও জেলা দুভাগ করে দুটি পৃথক জেলা গঠনের দাবিতে ইন্ডিজিনাস পিপল ফোরাম, ইন্ডিজিনাস স্টুডেন্টস ফোরাম, ইন্ডিজিনাস উইম্যান ফোরাম হাফলং গত বৃহস্পতিবার লালা কিশ্ত থেকে মিছিল বের করে উত্তর কাছা। পার্বত্য স্বশাসিত পরিষদ রৌটারি হয়ে হাফলং জেলাশাসক কার্যালয়ের সামনে উপস্থিত হয়ে ‘‘নো বাইফারকেশন নো রেট’’ ‘‘হামারা মাস্কে পুরি করে’’ ‘‘এনআরসি ডেরিফিকেশনের নামে

হয়রানি বন্ধ করো’’ এসব স্লোগানে সমগ্র উত্তাল করে তুলে এলাকা মিছিল শেষে ফোরামের সভাপতি এল কুকি, কার্যকরী সভাপতি সামসুদ্দোবে কেজি তারের দাবিতে অতিরিক্ত জেলাশাসক আনিস রসুল মজুমদার মারফত রাজ্যের মুখ্যমন্ত্রী ডা. হিমন্ত বিশ্ব শর্মার উদ্দেশ্যে এক স্মারকলিপি প্রদান করেন।উল্লেখ্য ২০১০ সালের ৩০ মার্চ রাজ্য সরকার উত্তর কাছাড় পার্বত্য পরিষদের নাম বদল করে ডিমা হাসাও জেলা করার পর থেকে এই পাহাড়ি জেলার অ-ডিমা/সা উপজাতি জনগোষ্ঠীদের নিয়ে গঠিত ইন্ডিজিনাস পিপল ফোরাম ডিমা হাসাও জেলাকে দুভাগ করে দুটি পৃথক জেলা গঠন করার দাবিতে

আন্দোলন করে আসছে। এমনকি এই দাবির ইস্যু নিয়ে তকালীন মুখ্যমন্ত্রী প্রয়াত তরুণ গগৈ একটি মন্ত্রী গোষ্ঠীর কমিটি গঠন করেছিলেন। তারপর সর্বানন্দ সানোয়াল অসমের মুখ্যমন্ত্রী হওয়ার পর পৃথক জেলা গঠন ইস্যু নিয়ে মন্ত্রী গোষ্ঠী কমিটি গঠন করা হয়। ওই কমিটির সঙ্গে ইন্ডিজিনাস পিপল ফোরাম ইন্ডিজিনাস স্টুডেন্টস ফোরাম ও ইন্ডিজিনাস উইম্যান ফোরামের পৃথক জেলা ইস্যু নিয়ে দিসপুরে বার কয়েক বৈঠক অনুষ্ঠিত হলে পৃথক জেলা গঠনের ইস্যুতে আজ পর্যন্ত রাজ্য সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করেনি বলে অভিযোগ উত্থাপন করে ইন্ডিজিনাস পিপল ফোরামের

নেতৃত্ব। মিছিল শেষে সংগঠনটির নেতৃবন্দ সংবাদ মাধ্যমের কাছে মন্তব্য করে বলেন, আগামী ১০ এপ্রিলের মধ্যে পৃথক জেলা গঠনের ইস্যুতে সরকারকে পদক্ষেপ গ্রহন করতে হবে । এমনকি উত্তর কাছা। পার্বত্য স্বশাসিত পরিষদ পিআরসি ডেরিফিকেশনের যে নির্দেশ দিয়েছে তা বাতিল করতে পিআরসি ডেরিফিকেশনের নামে সার্বভৌম মানুষের হেনস্থা বন্ধ করতে হবে অবিলম্বে এবং এনিয়ে আগামী ১০ এপ্রিলের মধ্যে রাজ্য সরকার যদি কোনও সিদ্ধান্ত গ্রহন না করে তাহলে পরবর্তীতে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ডেকে ডিমা হাসাও জেলার জনজীবন সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হবে ।

দিব্লির আদালতে ৫ এপ্রিল সিসোদিয়ার জামিন- আর্জির শুনানি, নিজেদের অভিমত জমা দিল ইডি

নয়াদিল্লি, ২৫ মার্চ : দিল্লি আবগারি নীতি মামলায় ধৃত দিব্লির প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী ও অম আদমি পার্টির নেতা মনীশ সিসোদিয়ার জামিন- আর্জির শুনানি হবে আগামী ৫ এপ্রিল। এ বিষয়ে নিজেদের অভিমত জমা দিয়েছে এনফোর্সমেন্ট সিসোদিয়া জামিন ত্যা জানা যাবে আগামী স্তানারি দিন ঠিক অািতি ড়ি নি ড়ি ড়ি মালার তদন্ত করছে



মামলায় অনেকদিন আগেই জামিনের আবেদন জানিয়েছিলেন সিসোদিয়া। কিন্তু, বারবার পিছিয়েছে শুনানি। এদিকে, নিজেদের অভিমত জমা দিয়েছে ইডি-র জবাবের প্রত্যুত্তর দেওয়ার জন্য শনিবার আদালতে সময় চান সিসোদিয়ার আইনজীবী। সেই আর্জি গৃহীত করে আগামী ৫ এপ্রিল শুনানি পরবর্তী দিন ঠিক করেছেন বিশেষ বিচারক এম কে নাগপালা। অবশেষে আগামী ৫ এপ্রিল মনীশ সিসোদিয়ার জামিনের আবেদনের শুনানি হবে বলে জানিয়েছে দিব্লির রাউস অ্যাভিনিউ আদালত।

প্রয়াত ইন্টেলের সহপ্রতিষ্ঠাতা গর্ডন মুর

প্রায়টি, ২৫ মার্চ :ইন্টেল করপোরেশনের সহপ্রতিষ্ঠাতা তথা কম্পিউটার প্রজন্মের উন্নয়নের অন্যতম পথিকৃত এবং সেমিকন্ডাক্টর শিল্পের অন্যতম দিকপাল গর্ডন মুর প্রয়াত। শুক্রবার ৯৪ বছর বয়সে হাওয়াইতে তার বাটিতে মারা যান তিনি। ইন্টেল কর্পোরেশন এবং মুরের পরিবার তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে।ইন্টেল এবং গর্ডন মুরের পারিবারিক দাতব্য

গণতন্ত্রের ওপর হামলা হচ্ছে, প্রতিদিনই সেই উদহারণ দেখতে পাওয়া যাচ্ছে ঃরাহুল গান্ধী

নয়াদিল্লি, ২৫ মার্চ : ভারতীয় গণতন্ত্রের ওপর হামলা হচ্ছে, ফের সেই দাবি করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। লোকসভার সাংসদ পদ খারিজ হওয়ার পর শনিবার দিল্লিতে কংগ্রেসের সদর দফতরে সাংবাদিক সম্মেলনে করেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। এই সাংবাদিক বৈঠকে তিনি বলেছেন, আমি এর আগেও বহুবার বলেছি, দেশে গণতন্ত্রের ওপর হামলা হচ্ছে। আমরা প্রতিদিন সেই উদাহরণ দেখতে পাচ্ছি। আমি সংসদে প্রধানমন্ত্রী মোদী এবং আদানির সম্পর্কে নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করেছি। কিন্তু এমন কোনও কাজ বাতিল করা হয়েছে এবং পরে আমি লোকসভা স্পিকারের কাছে



বিস্তারিত জবাব লিখেছি। কিছু মন্ত্রী আমার সম্পর্কে মিথ্যা বলেছেন, আমি নাকি বিদেশী শক্তির সাহায্য চেয়েছি। কিন্তু এমন কোনও কাজ আমি করিনি। আমি প্রশ্ন করা বন্ধ করব না, আমি প্রধানমন্ত্রী মোদী এবং

আদানির সম্পর্কে নিয়ে প্রশ্ন তুলতেই থাকব।রাহুল গান্ধী আরও বলেছেন, আমি আদানি সম্পর্কে একটাই প্রশ্ন করেছিলাম... আমি প্রস্তুত থাকব এবং ভারতে গণতন্ত্রের জন্য লড়াই করব। প্রধানমন্ত্রীরকে

রক্ষা করার জন্য এই পুরো নাটকটি সাজানো হয়েছে, সহজ প্রশ্ন- আদানির শেলে কোম্পানিতে কার ২০ হাজার কোটি টাকা গেল? আমি এই হুমকি, সাংসদ পদ খারিজ অথবা কারাদণ্ডে ভীত নই। রাহুল বলেছেন, আমি সত্য ছাড়া আর কিছুতে আগ্রহী নই। আমি শুধু সত্য কথা বলি, এটা আমার কাজ এবং আমি গ্রেফতার হলেও আমি এটা করে যাবো। এই দেশ আমাকে সব দিয়েছে তাই আমি এটা করি। রাহুল এদিন দাবি করে বলেছেন, আদানি সম্পর্কে আমার বহুতা দেখে প্রধানমন্ত্রী ভীত এবং আমি তা তাঁর চোখে দেখেছি।

জি-টোয়েন্টিঃ২৭ মার্চ গান্ধীনগরে শুরু হচ্ছে জলবায়ু ও পরিবেশ সুস্থায়ী কর্মী গোষ্ঠীর দ্বিতীয় বৈঠক



নয়াদিল্লি, ২৫ মার্চ : গুজরাটের গান্ধীনগরে ভারতের সভাপতিত্বে জি-টোয়েন্টি গোষ্ঠীর জলবায়ু ও পরিবেশ সুস্থায়ী কর্মী গোষ্ঠীর দ্বিতীয় বৈঠক আগামী সোমবার, ২৭ মার্চ শুরু হচ্ছে। কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক এবং জল শক্তি মন্ত্রক যৌথভাবে এই বৈঠকের আয়োজন করেছে। জলসম্পদ দফতরের সচিব দেবশ্রী মুখোপাধ্যায় জানান, বৈঠকে জল ও জলসম্পদের ব্যবস্থাপনা নিয়ে মতবিনিময় করা হবে। জি-টোয়েন্টি গোষ্ঠীর দেশগুলি এখানে তাদের দেশের সবথেকে ভালো ব্যবস্থাপনাগুলি সকলের মধ্যে ভাগ করে নেবেন।ভারতের সভাপতিত্বে জি-টোয়েন্টি গোষ্ঠীর জলবায়ু ও পরিবেশ সুস্থায়ী কর্মী গোষ্ঠীর দ্বিতীয় বৈঠক আগামী সোমবার, ২৭ মার্চ শুরু হচ্ছে। জলশক্তি মন্ত্রকের সহযোগিতায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক তিন দিনব্যাপী এই বৈঠকের আয়োজন করছে।

আঞ্চলিক দলগুলিকে এগিয়ে রাখা কংগ্রেসের দায়িত্বঃঅখিলেশ যাদব

নয়াদিল্লি, ২৫ মার্চ : আঞ্চলিক দলগুলিকে এগিয়ে রাখা কংগ্রেসের দায়িত্ব। এই মন্তব্য করলেন সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব। একইসঙ্গে অখিলেশ যাদব বলেছেন, জাতীয় দলগুলি বরাবরই আঞ্চলিক দলগুলিকে অপমান করেছে। প্রথমে কংগ্রেস করেছে, এখন বিজেপি তাই করছে। এরপরই অখিলেশ বলেছেন, আঞ্চলিক দলগুলিকে এগিয়ে রাখা কংগ্রেসের দায়িত্ব।শনিবার সকালে দিল্লিতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সপা প্রধান অখিলেশ যাদব বলেছেন, জাতীয় দলগুলি বরাবরই আঞ্চলিক দলগুলিকে অপমান করেছে। প্রথমে কংগ্রেস করেছে, এখন বিজেপি তাই করছে...এটি তাদের (কংগ্রেস) জন্য একটি সুযোগ, তাদের উচিত আঞ্চলিক দলকে এগিয়ে রাখা এবং তারপরে নির্বাচনে লড়াই করা তবেই তাঁরা বিজেপির বিরুদ্ধে জিততে পারে। এই দায়িত্ব কংগ্রেসের।

কিটি ও’নিলকে স্বীকৃতি গুণ্ডুল ডুডুলের

নয়াদিল্লি, ২৫ মার্চ :গত শুক্রবার কিটি লিন ও’নিলকে তাঁর জন্মদিনে সন্মান জানাল গুণ্ডুল ডুডুল। কিটি ও’নিল (গত ২৪ মার্চ, ১৯৪৬-নভেম্বর ২, ২০১৮) ছিলেন একজন আমেরিকান স্ট্যান্ড ওয়ান এবং রেসার। তিনি ‘ বিশ্বের দ্রুততম মহিলা’ হিসাবে পরিচিত। শৈশবে একটি অসুস্থতা তাঁকে বধির করে দিয়েছিল। যৌবনের শুরুতে আরও অসুস্থতা তাঁর ড্রাইডিংয়ের ক্যারিয়ারকে ছোট করে দেয়। একজন স্ট্যান্ড ওয়ান এবং রেস ড্রাইভার হিসাবে ও’নিলের কর্মজীবন তাঁকে একটি টেলিভিশন মুভিতে ‘আকশন কিগার’ হিসাবে তুলে ধরে।১৯৭৭ সালে মর্তুমুতিতে তিনি একটি হাইড্রোজেন পারাক্লাইড-লিফট রকেট ড্রাগস্টার চালান। এটির গতি ছিল ঘণ্টায় ২৭৯.৫ মাইল (৪৪৯.৮ কিলোমিটার ঘণ্টা)। ১৯৭৯ সালে তাঁর অভিজ্ঞতা একটি জীবনীমূলক চলচ্চিত্র সাড়া ফেলে। যখন তিনি অসমর সোমন, স্থল ও জলে তাঁর ২২টি গতির রেকর্ড ছিল। ২০১৮-র ২ নভেম্বর নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে দক্ষিণ ডাকেটার ইউরোপকে তিনি ৭২ বছর বয়সে মারা যান। ২০১৯ সালে, তিনি ‘ অস্কার ইন মেমোরিয়াম’ পুরস্কার পান।

সাময়িকের জন্য জেরা শেষ সিবিআই অফিস থেকে বেরোলেন তেজস্বী, ইডি-র দফতর থেকে মিসা

নয়াদিল্লি, ২৫ মার্চ :সাময়িকের জন্য জিজ্ঞাসাবাদ শেষে সিবিআই-এর দফতর থেকে বেরোলেন বিহারের উপ-মুখ্যমন্ত্রী ও আরজেডি নেতা তেজস্বী যাদব। শনিবার তেজস্বীকে জমির বিনিময়ে রেলো চাকরি মামলায় জিজ্ঞাসাবাদ করেছেন সিবিআই। দুপুরে মধ্যাহ্নভোজের বিরতির জন্য সিবিআই অফিস ত্যাগ করেন তেজস্বী যাদব, সেখানে থেকে সাময়িকভাবে তিন ৭২ বছর বয়সে দিল্লির একটি হাসপাতালে। সেই হাসপাতালে ভর্তি রয়েছেন তেজস্বীর গর্ভবতী স্ত্রী। এদিন তেজস্বীকে আবার জিজ্ঞাসাবাদ করা হবে বলে সিবিআই সূত্রের খবর।এদিকে, জমির বিনিময়ে রেলো চাকরি মামলায় এদিন ইডি জেরা করেছে তেজস্বী যাদবের দিদি মিসা ভারতীকে। সকাল থেকে জিজ্ঞাসাবাদ করা হয় মিসা ভারতীকে। দুপুরের দিকে মিসা ভারতীকে ইডি-র অফিস থেকে বেরিয়ে যেতে দেখা যায়।

সাক্ষাকারে ডাক পেলেন ১০০ জন গ্রুপ-সি চাকরি প্রার্থী

কলকাতা, ২৫মার্চ : দীর্ঘ অপেক্ষার অবসান। অবশেষে গ্রুপ-সি চাকরির জন্য সাক্ষাকারের ডাক পেলেন ১০০ জন প্রার্থী। অনির্দিষ্ট কালের জন্য মাদঙ্গিনী হাজরার পাদদেশে অবস্থান বিক্ষোভে সামিল ছিলেন তারা।স্কুলে-স্কুলে চাকরি যাওয়া ৭৮২ জন গ্রুপ-সি শিক্ষাকর্মীর শূন্য পদে নতুন নিয়োগে আপাতত প্রথম দফায় মাত্র ১০০ জনের কাউন্সেলিংয়ের বিজ্ঞপ্তি জারি করেছে স্থল সার্ভিস কমিশন। তার উপর স্বগতিভায়ে চেয়ে হাইকোর্টের ধারণ্ত হয়েছিলেন চাকরিহারী প্রার্থীরা। কিন্তু গ্রুপ-সি কাউন্সেলিংয়ে উপর কোনও স্বগতিাদেশ দেয়নি কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ।শেষ পর্যন্ত

ইয়েমেনে রাষ্ট্রের দোকানে বিক্রি হচ্ছে রাষ্ট্রসংঘের অনুদানের ত্রাণ

সানা’আ, ২৫ মার্চ : যুদ্ধ বিধ্বস্ত ইয়েমেনের রাস্তায় দোকানে দোকানে বিক্রি হচ্ছে রাষ্ট্রসংঘের দেওয়া বিনামূল্যের ত্রাণ সামগ্রী। ওইসব পণ্যের উপরে লেখা রয়েছে- ‘বিক্রির জন্য নহে’। তারপরও সেগুলো অর্থের বিনিময়ে সাধারণ ক্রেতাদের কাছে বিক্রি হচ্ছে। আন্তর্জাতিক সংবাদ মাধ্যম অনুযায়ী সেরা থেকে ভোজ্যতৈয়ের পাশাপাশি আটা ও চালও অর্থের বিনিময়ে বিক্রি করছেন দোকানিরা।এ ব্যাপারে একজন দোকানি প্রথমে বিষয়টি অস্বীকার করেন ও তক্ষণা তার দোকানে থাকা রাষ্ট্রসংঘের সহযোগী সংস্থা ‘ ওয়ার্ল্ড ফুট প্রোগ্রাম’ এর লোগো লাগানো ওইসব খাদ্যপণ্যের প্যাকেটগুলো তে গোপন করার চেষ্টা করেন।এগুলো কীভাবে তার কাছে আসছে, এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, গ্রামবাসী, যারা ত্রাণ হিসেবে এগুলো পেয়েছে তারাি এগুলো বিক্রি করে দিয়েছেন। তারা শিশুদের ওষুধ কিনতে এগুলো বিক্রির জন্য নিয়ে আসে, জরুরি প্রয়োজন বিবেচনায় সেগুলো কিনে নিই।প্রসঙ্গত, দীর্ঘ আট বছর ধরে চলমান ইয়েমেনে যুদ্ধে সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশটির শিশুরা। জাতিসংঘের তথ্যানুযায়ী, দেশটিতে প্রতিরোধযোগ্য কারণে প্রতি ১০ মিনিটে একজন শিশুর মৃত্যু হচ্ছে। সেখানে আনুমানিক ১১ মিলিয়ন শিশুর মানবিক সহায়তার প্রয়োজন। এমনটি দাবি করা হয়েছে প্রতিবেদনে

ত্রিপুরা বিধানসভায় ৩০৬৫.৩৭ কোটি টাকার অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি, ৯০৬৬.৫৬ কোটির ভোট অন একাউন্ট পেশ

আগরতলা, ২৫ মার্চ : ত্রিপুরা বিধানসভায় অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি এবং ভোট অন একাউন্ট পেশ করেছেন অর্থ মন্ত্রী প্রণজি সিংহ রায়। তিনি ৩০৬৫.৩৭ কোটি টাকার অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি এবং ৯০৬৬.৫৬ কোটি টাকার ভোট অন একাউন্ট পেশ করেছেন।প্রসঙ্গত, গত শুক্রবার থেকে ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার প্রথম অধিবেশন শুরু হয়েছে। নির্বাচনী বছরে ত্রিপুরা সরকারের পক্ষে পূর্ণাঙ্গ বাজেট পেশ করা সম্ভব হয়নি। ফলে, ২০২৩-২৪ অর্থ বছরের প্রথম চার মাসের জন্য ভোট অন একাউন্ট পেশ করেছেন অর্থ মন্ত্রী। এদিকে, নির্বাচনকে ঘিরে এবছর বিধানসভা অধিবেশন হয়নি। ফলে, অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবিও পেশ করা সম্ভব হয়নি। তাই, ২০২২-২৩ অর্থ বছরের অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তিনি।

দুরন্ত বার্তা

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা, ২৬ মার্চ :বুধবার, ১১ চৈত্র মাস ১৪২৯ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৬মার্চ ২০২৩, ৫৩৬ চৈতন্যন্দ, কলিঃ৫২২৩, সৌরঃ ১১ চৈত্র মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাব্ব, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ১১ চৈত্র মাস ১৪২৯, ভারতীয় সিভিলঃ১১ চৈত্র মাস ১৯৪৪, মৈতঃ১১ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১ঃ২১ঃ৬ ৫০(৮)।শুক্র পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৩৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫ঃ৮ঃ৪৫ পর্যন্ত পরে পূনর্বসকরঃবর্জি রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৩৮ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগন্ত অমৃতযোগঃদিন ০৫ঃ২ঃ৪ঃ০১ থেকে - ০৭ঃ০ঃ৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫ঃ৪ঃ০২ থেকে - ১০ঃ২ঃ৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১ঃ২ঃ ৫ঃ৩ঃ৪ থেকে - ০২ঃ৩২ঃ২ঃ৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১ঃ২ঃ২৫ থেকে - ০৫ঃ২ঃ৪ঃ১২ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২ঃ৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫ঃ৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০ঃ৩০ঃ৬ঃ০২ থেকে - ০৩ঃ৫ঃ২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১ঃ২ঃ৯ঃ৪ থেকে - ১১ঃ১ঃ৫ঃ৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫ঃ২ঃ১২ থেকে - ০৫ঃ২ঃ৪ঃ১২ পর্যন্ত।কুলিক বেলোঃ দিন ০৭ঃ৫ঃ৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৩ঃ৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০ঃ ২ঃ২ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩ঃ৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩ঃ১ঃ ২৫ থেকে - ১০ঃ০ঃ৪ঃ৫২ পর্যন্ত। কালাবেলাঃদিন ১০ঃ০ঃ৪ঃ৫২ থেকে - ১১ঃ৩ঃ৮ঃ১৮ পর্যন্ত। কারলাত্রিঃ০৮ঃ৪ঃ৫ঃ১২ থেকে - ১০ঃ১ঃ১ঃ৫ পর্যন্ত।গ্রন্থফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১ঃ২ঃ৪৪ ৬১৯ (২৭) ৩ পদমুগ্ধঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৫৫৬৩৯ (২৩) ২ পদবুধঃ ০২২৫২ (১) ১ পদবৃহস্পতিঃ ১০৫৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৬০ (২৬) ১ পদরহুঃ ১২২৭৫৬ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ।বারবেলাঃ দিন ০৮ঃ৩ঃ১ঃ২

রাশিফল

মেঘরাশিঃআপনার রাগের ফলে তুচ্ছ কারণ বা হয়ে দেখা দেবে- যা শুধুমাত্র আপনার পরিবারের সদস্যদের বিপর্যস্ত করবে। শুভ বৃষভ রাশিঃঅস্বস্তি আপনার মানসিক শান্তির ব্যাঘাত ঘটতে পারে কিন্তু আপনার কল্যাণে বন্ধু এর থেকে বেরনোর জন্য আপনাকে অসন্তুষ্ট সাহায্য করবে। মিতুণ রাশিঃআপনার স্ত্রীর সাথে পারিবারিক সমস্যা ভাগ করে নিন। বিবাহের যোগ হতে পারে। কর্কট রাশিঃআজ কল্যাণকর দিন

সুজন-জায়া মিলির সরল জীবন নিয়ে পোস্ট বাহবা কুড়লো নেটনাগরিকদের



দূরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চ : সুজন চক্রবর্তীর স্ত্রী মিলি ভট্টাচার্যের বিয়ের ছবিসহ সামাজিক মাধ্যমে ‘সত্য’ প্রতিষ্ঠার চেষ্টা করলেন মিলির বোন অর্ণণা। পিছনের দরজা দিয়ে মিলির কাজ হয়েছিল বলে প্রচারে নেমেছে তৃণমূল। তার প্রেক্ষিতে অপর্ণার এই পোস্ট নেটনাগরিকদের মধ্যে সাড়া ফেলেছে। শনিবার বেলা পৌনে ১১টায় এই পোস্টে লাইক, মন্তব্য ও শেয়ার হয়েছে যথাক্রমে ৩ হাজার ৩০০, ২৬৮ ও ১ হাজার ১০০। মন্তব্যে প্রায় সবকটিতেই সহমর্মিতার বার্তা। রাতেই এই পোস্ট সুজনবাবু নিজেও শেয়ার করেছেন। শনিবার অপর্ণা লিখেছেন, এটা আমার বড় দিদি মিলির বিয়ের ছবি। ভালো করে দেখলে বোঝা যাবে যে মিলির হাতে শাখা পলা ছাড়া কোনো চুড়ি নেই। গলায় কোনো সোনার হার নেই। সোনালি যেটা দেখা যাচ্ছে সেটা ওড়নার সস্তার জরির বর্ডার। মিলির বাবার ক্ষমতা ছিল না মেয়েকে সোনা দেওয়ার। মিলি যে শাড়িটা পড়ে আছে সেটা আমার মা, মিলির নতুন কাকিমার দেওয়া। মিলির বিয়ে সব শাড়ি আমার মায়ের কেনা। আমার জেঠুর সমর্থ ছিল না বেনারসি দিয়ে দেওয়ার। আমার মায়েরও না। মিলি তাই ওর বিয়ের দিন পড়েছিল হবুদ রঙের তাঁত সিন্ধা। মিলির স্বামল হাসিতে দামি শাড়ি গয়নার অভাব ঢাকা পড়ে গিয়েছিল। মিলির বিয়েতে অভিযানের খাওয়ানোর জন্য মাংস ছিল না। কাতলা মাছ আর ফুলকপির তরকারি ছিল। পরিবেশন করেছিল মিলির খুড়তুতো ভাইরা। কাটাটার বলার মত আর্থিক অবস্থা মিলির হোলটাইমার বাবা আর প্রাথমিক শিক্ষিকা মায়ের ছিলনা। পরে, অনেক পরে মিলির বর যখন সাংসদ, বাবা সর্বকার সম্পাদক, মিলি তখন ও ভিড ঠাসা ক্যামিং লোকালে করে আড্ডুজ কলেজে কেরানিগিরি করতে যেত। মিলি এর মধ্যে কোনো মাহাত্ম্য খুঁজে পায়না। কারন ওর কাছে এটাই স্বাভাবিক। মিলি। আমাদের বড় দিদি। আমাদের বাড়ির সব থেকে সং, সব থেকে উদার, সব থেকে সরল, সব থেকে ভালো মেয়ে।

আরামবাগে বালিখানদ নিয়ে উত্তেজনা ঘটনাস্থলে পুলিশ

গোপাল রায়, আরামবাগ, ২৫ মার্চ : বালি খানাদের বেআইনি দখলদারি অভিযোগে এলাকায় তীব্র উত্তেজনা। ঘটনাস্থলে আরামবাগ থানার পুলিশ বাহিনী। জনা গেছে,খাদের মালিকেরা নির্দিষ্ট জায়গায় বালি না কেটে তার বদলে অন্যত্র জায়গায় জিসিপি মেশিন দিয়ে বালি ও মাটি তুলে নেওয়ার অভিযোগ ওঠে বালি খাদানের মালিকদের বিরুদ্ধে। এর ফলে নদীর বাঁধ ও কৃষি জমি নদীর গর্বে আন্তে আন্তে একাংশ চলে গেছে। আর ও যেতে বসেছে।এই নিয়ে শনিবার সকালে দ্বাবকেশ্বর নদী থেকে তখন বালি তোলার কাজ চলছিল ।ওই সময় এলাকাবাসীরা বন্ধ করতে গেলে ব্যাপক উত্তেজনা সৃষ্টি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় আরামবাগ থানার বিশাল পুলিশ বাহিনী। পুলিশ গেয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এলাকাবাসীদের দাবি অবিলম্বে প্রশাসন ব্যবস্থা নি। না হলে আমরা বৃহত্তম আন্দোলনের পথে নামবেন বলে হুমকি দেন গ্রামবাসীরা।

যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে মেট্রো আরপিএফ সতর্ক

দূরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চ : মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষ যাত্রীদের স্বাচ্ছন্দ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য সম্ভাব্য সব ব্যবস্থা নেয়। যাত্রীদের নিরাপত্তা প্রদান থেকে শুরু করে শিশুদের উদ্ধার করা পর্যন্ত, মেট্রো আরপিএফ মেট্রো চত্বরে সার্বক্ষণিক নজরদারি নিশ্চিত করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ১লা এপ্রিল, ২০২২ থেকে আজ পর্যন্ত, মেট্রো আরপিএফ দশ দশ মেট্রো স্টেশনে ১৫,৮৪,৪৫ টাকার ৩৩৩,৫২০ গ্রাম বেহিসাববহীন সোনার গয়না এবং ৫,৫২২,৩৮৭-টাকা মূল্যের ১৬৬১ কেজি রৌপ্য গহনা খুঁজে পেয়েছে। তারপর মেট্রো স্টেশনে উদ্ধারকৃত জিনিসপত্র স্থানীয় থানায় হস্তান্তর করা হয়েছে। এই সময়ের মধ্যে ৪২ শিশুকে (১৬টি ছেলে এবং ২৬টি মেয়ে) উদ্ধার করে তাদের পিতামাতা বা থানায় হস্তান্তর করা হয়েছে। বিভিন্ন মেট্রো স্টেশনে দায়িত্বরত আরপিএফ কর্মীদের দ্বারা ১১টি আত্মহত্যার চেষ্টাও বার্থ হয়েছে। আরপিএফ উপদ্রব, থুতু ফেলা, ধুমপান এবং লিটারিং ইত্যাদির জন্য ১৩১ টি মামলা নথিভুক্ত করেছে এবং মেট্রো চত্বর পরিষ্কার এবং সুন্দর রাখতে ৩৩,০২০-টাকা জরিমানা আদায় করেছে। আরপিএফ নিরাপত্তা হেয়লাইন (৯০০৭০৪১৭৮৯) এবং মহিলা নিরাপত্তা হেয়লাইনে (৯০০৭০৪১৯০৮) মোট ৩৬৩৯টি কল পেয়েছে এবং তথ্য পাওয়ার সাথে সাথে যাত্রীদের সহায়তা প্রদান করা হয়েছে। এই সময়ের মধ্যে রেলওয়ে আইনের অধীনে ২০৪টি মামলা নথিভুক্ত করা হয়েছে এবং ২৪১ জনকে রেলওয়ে আইনের অধীনে বিচার করা হয়েছে এবং ৫২,৫৫০ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

সিভিক ভলান্টিয়ারদের জন্য নতুন নির্দেশিকা জারি




দূরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চ : সিভিক ভলান্টিয়ারদের জন্য নতুন নির্দেশিকা জারি করল রাজ্য পুলিশের ডিরেক্টরটো। সিভিক ভলান্টিয়ারদের কী কাজ করতে হবে, তা নির্দিষ্ট করে দেওয়া হল। কোনও আইন প্রয়োগ করতে পারবেন না তাঁরা। শুধু মাত্র পুলিশকে সাহায্য করতে পারবেন সিভিক ভলান্টিয়াররা। অতীতে সিভিক ভলান্টিয়ারদের নিয়ে একাধিক অভিযোগে প্রকাশ্যে এসেছে। এই আবহে সিভিক ভলান্টিয়ারদের নিয়ে শুক্রবার নতুন নির্দেশিকা জারি করা হল। সিভিক ভলান্টিয়ারদের ভূমিকা নিয়ে নিীতিনির্দেশিকা তৈরি করতে সম্প্রতি রাজ্য পুলিশের আইজিকে নির্দেশ দিয়েছিলেন কলকাতা হাই কোর্টের বিচারপতি রাজকেশ্বর মাহা। ২৯শে মার্চের মধ্যে নির্দেশিকা তৈরি করে আদালতে জমা দিতে বলেছিলেন তিনি। সেই নির্দেশ মেনেই সিভিক ভলান্টিয়ারদের নিয়ে নতুন নির্দেশিকা তৈরি করা হল।

জাতীয় ও রাজ্যস্তরে তাদের মুখপাত্রের নামের তালিকা প্রকাশ তৃণমূলের

দূরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চ : সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস জাতীয় ও রাজ্যস্তরে তাদের মুখপাত্রের নামের তালিকা প্রকাশ করেছে। আজ দলের তরফে এক বিবৃতিতে অমিত মিত্র, বাবুল সুপ্রিয়, চন্দ্রিমা ভট্টাচার্য, জহর সরকার সহ জাতীয় স্তরে কুড়ি জনের এবং রাজ্যস্তরে ধীরবাহা হাস দা, বিশ্বজিৎ দেব, ব্রাত্য বসু, দোলা সেনের মতো ৪০ জন মুখপাত্রের নামের তালিকা প্রকাশ করা হয়েছে। কুনাল ঘোষকে মুখপাত্রের তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। রাজসভার সাংসদ ডেরেক ও গ্রায়ান কে দলের মিডিয়া সেলে সমন্বয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। দলের প্রধান মমতা বানার্জি সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন।

ভগবান মহাবীর নির্বাণ লাভের ২৫৫০ বছর পূর্তিতে বিশেষ শ্রদ্ধা আরএসএসের

দূরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চ : মহাবীরের নির্বাণ লাভের ২৫৫০ বছর পূর্তি উপলক্ষে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ বিশেষভাবে মহাবীরকে শ্রদ্ধা জানাবে। এই উপলক্ষে স্বয়ংসেবকরা বিভিন্ন অনুষ্ঠান করবেন এবং মহাবীরের পঞ্চনীতিকে ব্যক্তিগত জীবনে কাজে লাগাবেন। এক বিবৃতিতে সঙ্ঘের তরফে জানানো হয়েছে‘ ভগবান মহাবীর ২৫৫০ বছর আগে নির্বাণ লাভ করেছিলেন। কার্তিক অমাবস্যা তিথিতে অষ্টকর্ম অর্থাৎ আট রকম কর্মকে জয় করে নির্বাণ লাভ করেছিলেন। মানবজাতিকে তিনি জ্ঞানের আলোকে প্রবেশের দ্বার দেখিয়েছিলেন। তিনি তাঁর জীবন আত্মবিকাশ ও সমাজের কল্যাণে উৎসর্গ করেছিলেন। মানব কল্যাণই ছিল তাঁর ধ্যান, জ্ঞান। মানব কল্যাণের কথা মাথায় রেখে তিনি পঞ্চনীতির প্রবর্তন করেছিলেন। এগুলি হল সত্য, অহিংসা, ষ্ট্র্যে, অপরিগ্রহ ও ব্রহ্মচর্য। সমাজে লিপ্স বৈষম্য দূর করতে লড়াই করেছেন। তিনি বলতেন, মহিলারা সমাজ গড়েন। তাঁদের হাত মর্যাদা



ইন্টারলকিংয়ের কাজের জন্য হাওড়া- বর্ধমান ও বর্ধমান-হাওড়া ইএমইউ লোকাল পরিষেবা রবিবার বন্ধ

গোরখপুর, ২৫ মার্চ : ১১১০৭-১১১০৮ গোয়ালিয়র-বানারস-গোয়ালিয়র বুন্দেলখণ্ড এক্সপ্রেস, ১৫০১৭-১৫০১৮ লোকমান্য তিলক টার্মিনাস-গোরখপুর-লোকম্যান্য তিলক টার্মিনাস এক্সপ্রেস এবং ১১০৭১১০৭১১১১০৭-এর যাত্রীর জন্য টার্মিনাস কামায়ানী এক্সপ্রেসের দাভৌড়া স্টেশনে ছয় মাসের জন্য ০১ মিনিটের পরীক্ষামূলক স্টপেজ নিম্নরূপ প্রদান করা হয়েছে। ১১১০৭ গোয়ালিয়র-বেনারস বুন্দেলখণ্ড এক্সপ্রেস ২৫ মার্চ, ২০২৩ থেকে গোয়ালিয়র থেকে ছেড়ে যাওয়া ডাভাউরা স্টেশনে ০৪.৫৯ টায় পৌঁছাবে এবং ০৫.০০ টায় ছাড়বে।১১১০৮ বেনারস-গোয়ালিয়র বুন্দেলখণ্ড এক্সপ্রেস ২৬ শে মার্চ, ২০২৩ থেকে বেনারস ছেড়ে ২২.৪৯ ঘটায় ডাভৌরা স্টেশনে পৌঁছাবে এবং ২২.৫০ টায় ছাড়বে।১৫০১৭ লোকমান্য তিলক টার্মিনাস-২৬ মার্চ, ২০২৩ থেকে লোকমান্য তিলক টার্মিনাস থেকে ছেড়ে যাওয়া গোরখপুর এক্সপ্রেস ডাভৌড়া স্টেশনে ০৫.৪৯ ঘটায় পৌঁছাবে এবং ০৫.৫০ টায় ছাড়বে।১৫০১৮ গোরখপুর-লোকম্যান্য তিলক টার্মিনাস এক্সপ্রেস ২৬ শে মার্চ, ২০২৩ থেকে গোরখপুর ছেড়ে ১৭.৩৯ টায় ডাভৌরা স্টেশনে পৌঁছাবে এবং ১৭.৪০ টায় ছাড়বে।১১০৭১ লোকমান্য তিলক টার্মিনাস-২৬শে মার্চ, ২০২৩ থেকে লোকমান্য তিলক টার্মিনাস ছেড়ে বেনারস এক্সপ্রেস ১৪.০৪ ঘটায় ডাভৌরা স্টেশনে পৌঁছাবে এবং ১৪.০৫ টায় ছাড়বে।১১০৭২ বেনারস-লোকমান্য তিলক টার্মিনাস এক্সপ্রেস ২৬ মার্চ, ২০২৩ থেকে বেনারস ছেড়ে ২০.৫৯ ঘটায় ডাভৌরা স্টেশনে পৌঁছাবে এবং ২১.০০ টায় ছাড়বে।

বারামুল্লা ট্রেন সফর করলেন রেলমন্ত্রী

শ্রীনগর, ২৫ মার্চ : জন্মু ও কাশ্মীরের বরগাম স্টেশন থেকে বারামুল্লা পর্যন্ত ট্রেনে সফর করলেন



রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। শনিবার ট্রেনে সফর করার সময় রেলমন্ত্রী জানালেন, এই লাইনে আরও তিনটি সংযোগ করতে হবে, এ লাইনে অনেক কাজ শেষ হয়েছে। বিদ্যুতায়নের কাজ প্রায় শেষ।

রেলমন্ত্রী এদিন টুইট করে জানান, বারামুল্লা ‘ভারতের প্রথম স্টেশন’ পরিদর্শন করেছি। ‘ওয়ান স্টেশন ওয়ান প্রোডাক্ট’ স্টলে স্থানীয় পণ্য ক্রয়ও করেছি।রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন, শনিবার ও রবিবার কাশ্মীরে রেল পরিকল্পলি পরিদর্শন করব আমরা। জন্মু ও কাশ্মীরের সমস্ত রেলওয়ে, টেলিকম স্কিম কীভাবে সহজেই স্থানীয়দের কাছে পৌঁছাতে পারে সে সম্পর্কে বিশদ আলোচনার জন্য উপরাজাপাল মনোজ সিনহার সঙ্গেও বৈঠক করা হবে। রেলমন্ত্রীর আরও জানান, বারামুল্লায় লাইন ডাবল করার বিষয়ে আমাদের বিস্তারিত আলোচনা হবে। এই লাইনে আরও তিনটি সংযোগ করতে হবে। বিদ্যুতায়নের কাজ প্রায় শেষ। নিয়ন্ত্রণেরখা উপর রেললাইন বাড়ানোর বিষয়ে পত্রা বারোপালের সঙ্গেও আলোচনা করা হবে।

তিউনিসিয়া উপকূলে ফের নৌকাডুবি, নিখোঁজ ৩৪ জন

তিউনিস, ২৫ মার্চ :তিউনিসিয়া উপকূলে ফের নৌকাডুবি। শনিবার জানা গেছে এই নৌকাডুবির ঘটনায় নিখোঁজ ৩৪ জন অভিবাসন দুই দিনে পাঁচটি অভিবাসী বোঝাই নৌকা ডুবির ঘটনা ঘটা। এতে ৭ জনের মৃত্যুর খবর নিশ্চিত হওয়া গেছে। নিখোঁজের সংখ্যা সর্বমিলিয়ে ৬৭।স্থানীয় কর্তৃপক্ষ মনে করছে নৌকাগুলো ইতালির দিকেই যাচ্ছিল। তিউনিসিয়ার কোস্ট গার্ড গত দুই দিনে ইতালিগামী ৫৬টি নৌকা খামিয়ে দেওয়ার কথা জানিয়েছে।দেশটির ন্যাশনাল গার্ড জানিয়েছে, বর্তমানে বেশে ভাগ্যে চেষ্টার সময় তারা তিন হাজারের বেশি মানুষকে আটক করা হয়েছে।প্রসঙ্গত, ইউরোপে পাড়ি দেওয়ার ক্ষেত্রে আফ্রিকানদের কাছে তিউনিসিয়া একটি গুরুত্বপূর্ণ জায়গা। দেশটির উপকূল থেকে অনেকেই নৌকায় সেসে ইতালিতে যাওয়ার চেষ্টা চালায়।

গুয়াহাটিতে ‘সুরবানা জুরং’-এর কর্পোরেট অফিস উদ্বোধন

গুয়াহাটি, ২৫ মার্চ : ভারতে নিয়োজিত সিঙ্গাপুরের হাইকমিশনার সাহিন ওংকে সঙ্গে নিয়ে গু্যহাটিতে সিঙ্গাপুর সরকারের মালিকানাধীন পরিকাঠামো পরামর্শক সংস্থা ‘সুরবানা জুরং’এর প্রথম দফতরের উদ্বোধন করেছেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। আজ শনিবার গুয়াহাটিতে গিশপুরে অবস্থিত মনাল টাওয়ারে ‘সুরবানা জুরং’-এর দফতরের উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী ড. শর্মা বলেন, সুরবানা জুরংএর মতো একটি বিশ্বব্যাপী সংস্থার কর্পোরেট অফিস স্থাপন গুরুত্বপূর্ণ ঘটনা। পরিকাঠামো পরামর্শক সংস্থার এই দফতর ভারতের অ্যান্টাইস্ট নীতির অন্যতম উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে চিহ্নিত করে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কর্তৃক প্রস্তাবিত অ্যান্টাইস্ট নীতির একটি শাখা এবং ব্যবসাবাণিজ্যের একটি স্নায়ু কেন্দ্রে পরিণত হয়েছে গুয়াহাটি। গুয়াহাটিতে সুরবানা জুরংএর কর্পোরেট অফিস স্থাপন উত্তরপূর্বাঞ্চল এবং অন্যান্য আসিযান দেশগুলির মধ্যে বাণিজ্য সম্পর্ক বিনিময়ের জন্য শুভ সূচনা করবে। ভারত এবং সিঙ্গাপুর, দুই দেশের মধ্যে সুসম্পর্ক ও পারস্পরিক সহযোগিতাকে আরও গভীর করে ‘সুরবানা জুরং’, বলেন, হিমন্তবিশ্ব শর্মা। ড. শর্মা আরও বলেন, এই অফিসে অসমের বেশ কয়েকজন যুবককে চাকরির সুযোগ দিয়েছে।

Name Change
 I, RESHMA DATTA (old name) W/O Sri Gautam Dutta resident of 11A, School Row, PS-Bhowanipore, Kolkata-700025 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) RESHMA DUTTA, vide an affidavit sworn before the Ld. 1st Class Judicial Magistrate at Alipore on 05/03/2023. RESHMA DATTA and RESHMA DUTTA both are same and one identical person.

Name Change
 I, GAUTAM DUTTA S/O Late Netai Chandra Dutta resident of 11A, School Row, PS-Bhowanipore, Kolkata-700025 WEST BENGAL, India do hereby solemnly affirm & declare that my father's actual name is RIDDHI DUTTA instead of RIDDHI DATTA, vide an affidavit sworn before the Ld. 1st Class Judicial Magistrate at Alipore on 15/03/2023. RIDDHI DUTTA and RIDDHI DATTA both are same and one identical person.

Name Change
 I, GAUTAM DATTA (old name) S/O Late Netai Chandra Dutta resident of 11A, School Row, PS-Bhowanipore, Kolkata-700025 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) GAUTAM DUTTA, vide an affidavit sworn before the Ld. 1st Class Judicial Magistrate at Alipore on 15/03/2023. GAUTAM DATTA and GAUTAM DUTTA both are same and one identical person.

Name Change
 I, AMBAR ALI (old name) S/o FAYJULLA BISWAS resident of Charatala Mallik Para- Podcharatala, Ps-Chhara Dist - Nodia ,Pin -741123 WEST BENGAL, India I have changed my name to (shall henceforthbe known as) AMBAR ALI BISWAS, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/03/2023. AMBAR ALI and AMBAR ALI BISWAS both are same and one identical person.

Name Change
 I, HAJIRAN ALI (old name) S/o SABBIR BISWAS resident of Charatala Mallik Para- Podcharatala, Ps-Chhara Dist - Nodia ,Pin -741123 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) HA-JIRAN BISWAS, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/03/2023. HAJIRAN ALI and HAJIRAN BISWAS both are same and one identical person.

জোর করে টাকা আদায়ের অভিযোগে মেমারিতে গ্রেপ্তার দুই সিভিক ভলেন্টিয়ার

লোকালয়ের পুকুরে ঢুকল কুমির, উদ্ধার করল বন দফতর

দুরন্ত বার্তা, পাখরপ্রতিমা, ২৫ মার্চ : দক্ষিণ ২৪ পরগনা জেলার পাথরপ্রতিমা ব্লকের দিগম্বরপুর গ্রাম পঞ্চায়েতের রামনগর আবাদ এলাকায় লোকালয়ে কুমির ঢুকে পড়ার ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায় শনিবার সকালে। স্থানীয় এক মহিলা মাঠে গরু বেঁধে ফেরার সময় বাসুদেব ঘোড়ার পুকুরে কুমিরটিকে ভাসতে দেখেন। সাথে সাথেই তিনি চিংকার জুড়ে দিলে গ্রামের অন্যান্যরা সেখানে চলে আসেন। সকলে পুকুরে কুমিরটিকে দেখে আতঙ্কিত হয়ে পড়েন। গ্রামে কুমির ঢোকার খবর দ্রুত ছড়িয়ে পড়ে এলাকায়। খবর দেওয়া হয় বন দফতরকেও। সেই খবর পেয়ে বন কর্মীরা দ্রুত ঘটনাস্থলে চলে আসেন। সেখানে এসে দীর্ঘক্ষণের প্রচেষ্টায় অবশেষে শনিবার বিকেল নাগাদ কুমিরটিকে ধরতে সক্ষম হন তারা। প্রাথমিক ভাবে বন দফতরের দাবি কুমিরটি প্রায় পাঁচ ফুট লম্বা। পাশের নদী থেকে এটি লোকালয়ে চলে এসেছে বলেই দাবি বন দফতরকে। সেটিকে দু একদিন ভগবপুর কুমির প্রকল্পে রেখে শারিরিক পরীক্ষা নিরীক্ষার পর সুন্দরবনের গভীর জঙ্গল লাগোয়া নদীতে ছেড়ে দেওয়া হবে বলে জানিয়েছে বন দফতর। শেষ পর্যন্ত কুমিরটি ধরা পড়ায় খুশি এলাকার সাধারন মানুষরা। ২৪ পরগনা বন বিভাগের ডিএফও মিলন কান্তি মণ্ডল বলেন, শনিবার সকালে রামগঙ্গা রেঞ্জের বনকর্মীরা খবর পান স্থানীয় একটি পুকুরে কুমির ঢুকে পড়েছে। সেই খবর পেয়ে খুবই তৎপরতার সাথে বনকর্মীরা ঘটনাস্থলে গিয়ে কুমিরটিকে ধরে ফেলেন। তাকে উদ্ধার করে আণাতত শারিরিক পরীক্ষার জন্য ভগবপুরে নিয়ে যাওয়া হয়েছে। সেটি সুস্থ থাকলে দু – একদিনের মধ্যে সুন্দরবনের গভীর জঙ্গল লাগোয়া নদীতে ছেড়ে দেওয়া হবে।

রাহুল গান্ধীর সাংসদ পদ খারিজের প্রতিবাদে দুর্গাপুরে রাস্তা অবরোধ

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ২৫ মার্চ : রাহুল গান্ধীর সাংসদ পদ খারিজের প্রতিবাদে উত্তাল শিল্পশহর দুর্গাপুর। শনিবার দক্ষায় দক্ষায় বিক্ষোভ, জাতীয় সড়ক অবরোধ করল কংগ্রেসকর্মীরা। ঘটনাকে ঘিরে চারম উত্তেজনা ছড়াল দুর্গাপুরে। প্রসঙ্গত, শুক্রবার লোকসভায় রাহুল গান্ধীর সদস্যপদ



খবর চাউর হতে দেশজুড়ে ক্ষোভে ফেটে কংগ্রেস নেতাকর্মীরা। শনিবার সকালে ১৯ নং জাতীয় সড়কের ওপর দুর্গাপুর কাদারোড এলাকায় অবরোধ করে কংগ্রেস কর্মীরা। সড়কের ওপর টায়ার জালিয়ে বসে পড়ে কংগ্রেসকর্মীরা। এবং বিক্ষোভ প্রদর্শন করে। অবরোধের জেরে জাতীয় সড়কে যাব বহু যানবাহন। ব্যাপক যানজট সৃষ্টি হয় জাতীয় সড়কে। রেন্দ্র মোদী বিরুদ্ধে মুহম্মুছ স্লোগান দিতে থাকে কংগ্রেস কর্মীরা। খবর পেয়ে দুর্গাপুর থানার পুলিশ এসে কংগ্রেস কর্মীদের টেনে চিড়ে অবরোধ ওঠায়। একইসঙ্গে দুর্গাপুর নগর নিগম মোড়ে পথ অবরোধ করে কংগ্রেস কর্মীরা। এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কুশপুতলিকা দাহ করে। এরপরেই রাস্তায় বসে পড়ে পথ অবরোধ শুরু করে। শহরের প্রাণ কেন্দ্রে প্রায় দশ মিনিটের এই অবরোধে আটকে পড়ে বহু যানবাহন। ঘটনাকে ঘিরে উত্তেজনা ছড়িয়ে পড়ে। প্রব্রেশ কংগ্রেস কমিটির সদস্য তরুণ রায় জানান, আরএসএস ও বিজেপি এবার রাহুল গান্ধীকে চিনতে পেরেছে। বিজেপির অনৈতিক কাজের বিরুদ্ধে বলার মত একজন দেশে রয়েছে, সেটা রাহুল গান্ধী। তাই কঠরোধ করার জন্য রাহুল গান্ধীর সাংসদ পদ খারিজ করেছে। এটা সম্পূর্ণ অগণতান্ত্রিকা। তাই তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

বাসন্তীতে বাইকের মুখোমুখি সংঘর্ষে গুরুতর জখম দুই বাইক আরোহী

দুরন্ত বার্তা, বাসন্তী, ২৫ মার্চ : দুটি বাইকের মুখোমুখি সংঘর্ষের জেরে গুরুতর জখম হলেন দুই বাইক আরোহী। শনিবার বিকেলে ঘটনাটি ঘটেছে বাসন্তীর সূক্তান্তরকাজের সামনে বাসন্তী রাজ্য সড়কের উপরে। ঘটনায় গুরুতর জখম হয়েছেন হ্যাপি মোল্লা ও সুবিদ আলি মোল্লা। স্থানীয়রা দুজনকেই উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করেছেন। তবে দুজনের অবস্থাই আশঙ্কাজনক হওয়ায় তাঁদেরকে কলকাতার চিত্তরঞ্জন ন্যাশানাল মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, গোসাবার পাঠানখালির বাসিন্দা সুবিদ আলি বাইক করে ক্যানিংয়ে আসছিলেন, আর ভাঙনখালির বাসিন্দা হ্যাপি বাসন্তীর দিকে যাচ্ছিলেন, ঠিক তখনই দুটি বাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। দুজনের বাইকের গতিই অনেকক্ষনি ছিল বলে দাবি স্থানীয়দের। তাঁরাই তড়িঘড়ি জখম দুই বাইক আরোহীকে উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে আসেন।

জমাইয়ের হাতে আক্রান্ত শশুড়ি

দুরন্ত বার্তা, ক্যানিং, ২৫ মার্চ : পারিবারিক বিবাদের জেরে জমাইয়ের হাতে আক্রান্ত হলেন শশুড়ি। এছাড়াও তিন শ্যালক আক্রান্ত হয়েছেন অভিযুক্ত জমাইবাবুর হাতে। শনিবার সকালে ঘটনাটি ঘটেছে ক্যানিং থানার দাড়িয়া গ্রামে। আক্রান্তের নাম কল্পনা ভূঁইয়া, ভৈরব সর্দার, সোম ভূঁইয়া ও সৌরভ সর্দার। এই ঘটনায় অভিযোগের আঙুল উঠেছে জমাই অভিন্যু হালদার ও তাঁর পরিবারের সদস্যদের বিরুদ্ধে। ঘটনায় কল্পনা গুরুতর জখম হলে তাঁকে উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর এ বিষয়ে ক্যানিং থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন কল্পনা। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, কল্পনার মেয়ের সাথে জমাইয়ের বেশ কিছুদিন ধরেই বিবাদ চলছিল। স্বামীর সাথে অশান্তি করে কল্পনার মেয়ে সুলগ্রা বাপের বাড়িতে চলে এসেছিল। শনিবার সকালে সেই মেয়েকেই শৃঙ্গুরবাড়িতে তুলে দিতে গিয়েছিল কল্পনা ও তাঁর পরিবারের সদস্যরা। সেই সময়ই দুপক্ষের মারো বচসা বাঁধে। তা থেকেই শুরু হয়ে যায় হাতাহাতি, মারামারি।

দাবী না মেটাতে চাওয়ায় ওই দুই সিভিক ভলেন্টিয়ার তাদের প্রান নাশের হুমকি দেয় এবং জোর করে ৩০০ টাকা আদায় করে। এরপর মেমারি থানার পাল্লার মামুদপুর নিবাসী লবি চালক বিপ্লব বিশ্বাস লিখিত অভিযোগ জানায়। তার অভিযোগের ভিত্তিতে মেমারি থানার পুলিশ শনিবার ভোরে অভিযুক্ত দুই সিভিক ভলেন্টিয়ারকে গ্রেপ্তার করে শনিবার বর্ধমান আদালতে পেশ করে। বিচারক ধৃত ২ জনকে ১০ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। সিভিক ভলেন্টিয়ারদের অনেক দৃষ্টান্তমূলক ভাল কাজের নজির থাকলেও তাদের বিরুদ্ধে অভিযোগেরও কিন্তু অন্ত নেই। নিজেদের এক্তিয়ারের বাইরে গিয়ে কাজ করার পাশাপাশি ক্ষমতার অপব্যবহার করা সহ

সীমান্তে গরু পাচার তদন্তের জাল গুটিয়ে নিচ্ছে সিআইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ মার্চ : কলকাতা হাইকোর্টের নির্দেশে গরু পাচার মামলায় দুই কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা সিবিআই ও ইডি তদন্ত চালাচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে পৃথক একটি তদন্ত চালাচ্ছিল রাজ্যের তদন্তকারী সংস্থা সিআইডি। সেই তদন্ত গুটিয়ে নেওয়া হচ্ছে। বিএসএফ, পাচারকারীদের সঙ্গে রাজ্য পুলিশের এক শ্রেনীর আধিকারিক এবং এলাকার কিছু তৃণমূল নেতারা যোগাযোগ মিলেছে। শনিবার সিআইডি সূত্রে এখনর জানা যায়। সিআইডি-র দাবি, এই তদন্তে তারা ৪১ জনকে জিজ্ঞাসাবাদ করেছে। ২০১৯ সালে মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার রঘুনাতথগঞ্জ সীমান্তে ১৭৬৫ টি গরুকে ‘মৃত’ বলে দেখিয়ে বাংলাদেশে পাচার করে দেওয়া হয়েছিল। সেই ঘটনায় কোটি কোটি টাকার মুনাফা কামিয়েছেন এক শ্রেনীর ব্যবসায়ী। তার থেকেও চাঞ্চল্যকর বিষয় এটাই যে এই ঘটনায় প্রত্যক্ষ মদত ও জড়িত ছিলেন দেশের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ-’র কিছু আধিকারিক। সিআইডি আধিকারিকেরা ঘটনার তদন্তে নেনে জানতে পেরেছেন, রঘুনাতথগঞ্জের ঘটনা

দ্রুত শুরু হবে পথশ্রী ও রাস্তাশ্রী প্রকল্পের কাজ



সৃজিত দত্ত, বর্ধমান, ২৫ মার্চ : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ইতিমধ্যেই ঘোষণা করেছেন পথশ্রী ও রাস্তাশ্রী প্রকল্পের কথা। যার মাধ্যমে রাজ্যের বারো হাজার কিলোমিটার রাস্তার নির্মাণ, পুনর্নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করা হবে। সংশ্লিষ্ট বিষয়ে শনিবার জেলাশাসক দপ্তরে কনফারেন্স হলে সাংবাদিক বৈঠক করলেন পূর্ব বর্ধমান জেলার জেলাশাসক প্রিয়ান্কা সিংহ। সাংবাদিক বৈঠকে জেলাশাসক প্রিয়ান্কা সিংহ বলেন, পূর্ব বর্ধমান জেলা জুড়ে ৫৪১ টি পথশ্রী ও রাস্তাশ্রী স্কিম অনুমোদন করা হয়েছে, যার মধ্যে ৮৭৫ কিলোমিটার রাস্তা তৈরি করা হবে। এই রাস্তা তৈরিতে মোট ৩১৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। মোট ৪ টি এজেন্সির দ্বারা সমস্ত রাস্তাগুলি তৈরি করা হবে। পথশ্রী এবং রাস্তাশ্রী প্রকল্পের কথা ভালো করে প্রচার করা হচ্ছে। খুব শীঘ্রই এই রাস্তার কাজগুলি শুরু হবে।

রাউস অ্যাভিনিউ কোর্টের দ্বারস্থ এনামুল-সেহগল, ভাট্‌স্যালি হাজিরার আবেদন

নয়াদিল্লি, ২৫ মার্চ : অনুব্রত মণ্ডল পর এবার রাউস অ্যাভিনিউ কোর্টের দ্বারস্থ হলেন কেন্ঠি ঘনিষ্ঠ এনামুল হক ও সেহগল হোসেনও। তবে এরা আসানসোলে ফেরার জন্য নয়, আদালতে ভাট্‌স্যালি হাজিরা দেওয়ার আবেদন জানিয়েছেন এনামুল-সেহগল। আদালত সূত্রে জানা গিয়েছে, শনিবার আসানসোলে ফেরার আবেদন জানিয়ে রাউস অ্যাভিনিউ কোর্টের দ্বারস্থ হয়েছেন অনুব্রত মণ্ডল । তাঁর সেই আবেদনের পরই রাউস অ্যাভিনিউ কোর্টের দ্বারস্থ হন তাঁর দুই ঘনিষ্ঠ এনামুল হক ও সেহগল হোসেন। তাঁরা বিচারক রঘুবীর সিংয়ের বেঞ্চে আদালতে ভাট্‌স্যালি

ঝাড়গ্রাম জেলা পুলিশ ও নেক্সেইমিউন ফোরামের যৌথ উদ্যোগ সু-স্বাস্থ্য শিবিরের আয়োজন

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ২৫ মার্চ : ঝাড়গ্রাম জেলা পুলিশ ও নেক্সেইমিউন ফোরামের যৌথ উদ্যোগ একটি সু- স্বাস্থ্য শিবিরের আয়োজন করেছিল জামবনী থানার পুলিশ। শনিবার ঝাড়গ্রাম জেলার কাপগাড়ী এলাকায় এই সু স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছিল। এদিনের এই সু- স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন ঝাড়গ্রাম জেলা পুলিশ সুপার অরিজিত সিনহা, নেক্সে ইমিউনি ফোরামের এসএসকেএম হাসপাতালের চিকিৎসক অতনু পাল। এদিন ১৭৬ জন রোগীর

পাটবোঝাই গাড়িতে আগুন, লক্ষাধিক টাকা ক্ষতি

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২৫ মার্চ : পাটবোঝাই গাড়িতে আগুন লাগার ঘটনায় চাঞ্চল্য ছড়াল উত্তর দিনাজপুরের রায়গঞ্জে। শনিবার রায়গঞ্জের ফরেস্ট মোড় এলাকায় এই ঘটনা ঘটে। যদিও দমকলের দুটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। প্রত্যক্ষদর্শীদের মতে, বৈদ্যুতিক তারের সংযোগের কারণে এই ঘটনা ঘটে। যদিও কেউ এই ঘটনায় আহত হয়নি। প্রায় দুই লক্ষ টাকার পাট পুছে বলে দাবি পাট গোড়াউনের মালিক প্রকাশ সিদ্ধি। তিনি বলেন, ‘গোড়াউন থেকে গাড়ি বের হওয়ার সময় বৈদ্যুতিক তারের সংযোগের কারণে আগুন লেগে যায়।’ জানা গিয়েছে, মাস দুয়েক আগে প্রকাশ সিক্কির গোড়াউনে আগুন লেগে প্রচুর ক্ষতি হয়।

নাকা চেকিং পয়েন্টে কনট্রেনার আটক

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৫ মার্চ : আলিপুরদুয়ার জেলার অসম-বাংলা সীমান্তবর্তী পাকড়িগুড়ি নাকা চেকিং পয়েন্টে একটি কনট্রেনার আটক করল বনদপ্তর ও পুলিশ। যৌথভাবে শুক্রবার রাতে আটক করে বনদপ্তর ও পুলিশ। জানা গেয়েছে, গাড়িটিতে দরজা জালসা সহ একাধিক কাঠের স্ফেম রয়েছে প্রায় ৬৪সিএফটি কাঠ উদ্ধার করে বনদপ্তর। বনদপ্তর ও পুলিশ জানা গিয়েছে নিত্যদিনের পরিবারের জিনিসপত্র আড়ালে কাঠ গুলি গুজরাটে পাচার করা হচ্ছিল ঘটনায় গাড়ির চালক একজনকে গ্রেপ্তার করে বনদপ্তর ও পুলিশ।

কাফ সিরাপ বাজেয়াপ্ত করল বিএসএফ

দুরন্ত বার্তা, বালুরঘাট, ২৫ মার্চ : দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাট থানার দুর্গাপুর সীমান্ত এলাকা থেকে পাচারের আগে প্রায় ৩৫০০ বোতল কাফ সিরাপ বাজেয়াপ্ত করল বিএসএফ। শনিবার ভোরে উদ্ধার হয় এই বিশুপল পরিমাণ নিষিদ্ধ কাফ সিরাপ। যদিও এই ঘটনায় কাউকে গ্রেফতার করতে পারেনি বিএসএফের ১৩৭ নম্বর বাট্যালিগনের জওয়ানরা। এদিন উদ্ধার হওয়া সামগ্রীগুলি বালুরঘাট থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। পাশাপাশি এই ঘটনায় একটি এফআইআরও দায়ের করা হয়েছে বিএসএফের তরফে। উদ্ধার হওয়া সামগ্রীগুলির অনুমানিক বাজারমূল্য প্রায় ৭ লক্ষ টাকা। বলে বিএসএফ জানিয়েছে।

বনদপ্তরের অভিযানে লক্ষাধিক টাকার সেগুন কাঠ সহ গ্রেপ্তার ২

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৫ মার্চ : শিলিগুড়ির নাগরাকাটা়য় লক্ষাধিক টাকার সেগুন কাঠ সহ দুজনকে গ্রেফতার করল বন দফতর। যে দুজনকে গ্রেফতার করা হয়েছে তাদের বাড়ি যথাক্রমে নাগারাকাটার স্থানিি বস্তি ও ভগপুর চা বাগানের ডাক লাইনে। বন দফতরের চালসা ও ডায়ানা রেঞ্জের পাশাপাশি আরও একাধিক রেঞ্জ এই অপারেশনে ছিল। বন দফতর সূত্রেই জানা গিয়েছে, শুক্রবার জঙ্গল টহলের সময় চালসা রেঞ্জের বনকর্মীরা কাঠ পাচারের বিষয়টি বুঝতে পারেন। তারা এরপর ৩১সি জাতীয় সড়কের ধারে ভঁত পেতে ছিলেন। কাটবোঝাই একটি পিকআপ ভ্যান আসতেই বনকর্মীরা থামানোর চেষ্টা করেন। উলটে গাড়িটি আরও গতি বাড়িয়ে পালানিতে শুরু করে। এই অবস্থায় পালটা ধাওয়া করেন চালসা রেঞ্জ ও ডায়ানা রেঞ্জের কর্মীরা। এরপর শিলিগুড়ি পেরিয়ে গাড়িটিকে ধরতে সর্মথ হন বনকর্মীরা। চালক সহ গাািতে মোট তিনজন ছিল। একজন পালিয়ে যায়। চালক প্রয়োজনীয় নথিপত্র দেখাতে না পারায় গাড়ি সহ কাঠ বাজেয়াপ্ত করে চালসা রেঞ্জ অফিসে নিয়ে আসা হয়। চালসার রেঞ্জার জানান, খুঁদতের শনিবারই আদালতে তোলা হয় । ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত শুরু হয়েছে। এই ধরনের অভিযান অব্যাহত থাকবে।


দুইজন বাংলাদেশী নাগরিক গ্রেফতার করে ভক্তিনগর থানার পুলিশ



বাজার, মাদারিপুর থানা ঢাকা, বাংলাদেশ। সম্পর্কে এরা দুই ভাই। হায়দার পাড়ায় গত ছয় মাস যাবত ভাড়া থাকতো পুলিশের জিজ্ঞাসা বাদে এরা কোন বৈধ কাগজপত্র দেখাতে পারেনি। নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে তদন্ত চলছে। শনিবার দুজনকে জলপাইগুড়ি আদালতে পেশ করা হয়।

গরম পড়তেই আখের রসের চাহিদা বেড়ে চলেছে মালদায়

দুরন্ত বার্তা, মালদা, ২৫ মার্চ : মানিকচকে চৈত্র আসতেই সূর্যের তাপদাহ প্রবল বেড়েই চলেছে। এই অবহাওয়াতে বাইরে বের হতেই গলা তৃষ্ণায় শুকিয়ে যায়। ফলে শরীর সুস্থ রাখতে আখের রসের চাহিদা বেড়ে চলেছে মালদার বিভিন্ন জায়গায়। সাথে মানিকচকের মানুষেরা। মানিকচকের বিভিন্ন জায়গায় চোখ পড়ে আখের রস বিক্রেতার গাড়ি। প্রচুর মানুষ এই পেশাকে বেছে নিয়েছেন। ছোট গ্লাস ১৫ টাকা এবং বড় গ্লাস ২০ টাকা দরে বিক্রি করে আখের রস বিক্রিতারা। এক গ্লাস আখের রসে পরিমান মত বিট লবণ, লেবুর রস দিলেই মুখ রোচক হয়ে ওঠে। যেভাবে বিভিন্ন জিনিসের দাম বেড়ে চলেছে। মালদার মানিকচকের শনিবার সকাল থেকে হাটে আখের রসে ঠেলা গাড়িতে ভিড় জমিয়েছে আগত মানুষেরা। এক গ্লাস আখের রস খেয়ে মনটা তৃপ্তি হয়ে ওঠে। গরমে আখের রস অনেক উপকার।



স্বামী- স্ত্রীর মৃতদেহ উদ্ধার, চাঞ্চল্য

দুরন্ত বার্তা, বর্ধমান, ২৫ মার্চ : বর্ধমান শহরের ১০ নম্বর ওয়ার্ডের আনন্দপল্লীতে স্বামী - স্ত্রীর মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ালো শনিবার। স্বামীর বুলন্ত দেহ উদ্ধার হয় বাড়ি থেকে। আর বিছানায় মৃত অবস্থায় পড়েছিল স্ত্রী। বর্ধমান থানার পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে বর্ধমান মেডিকেল কলেজের পুলিশ মর্গে মর্যদাতাদের জন্য পাঠায়। মৃতদের নাম অনূপ ঘোষ (৬৪) এবং পর্বতী ঘোষ (৫৭)। স্ত্রীর মুখ দিয়ে লালা বের হয়েছিল। তবে কিভাবে এই ঘটনা ঘটল সেই বিষয় নিয়ে শরিবারে লোকজন সঠিক কিছু জানাতে পারেননি। মৃতের ছেলে চন্দ্রচূড় ঘোষ বলেন, জায়গা জমি নিয়ে বেশকয়েকদিন ধরে বাবা- মায়ের মধ্যে অশান্তি চলছিল। তার জেরেই হয়ত এই ঘটনা ঘটতে পারে। একই দাবী করেন পুত্রবধূ সুস্মিতা ঘোষ। তিনি বলেন, সকালে না ওঠায় তার ছেলে দাদুকে ডাকতে গিয়ে দেখে দাদু ঘরের ভিতরে বুলছে। ছেলে ও বৌমার সঙ্গে শৃঙ্গুর শান্ত্তীর প্রায় অশান্তি হত বলে জানান স্থানীয় বাসিন্দারা। বেশ কয়েকবার তারা সবাইকে নিয়ে বসে বিবাদ মেটানোর চেষ্টা করেন। তবে এখন ছেলে- বৌমা আলাদা থাকতো। অনূপ ঘোষ বলেন শরিবারে লোক কলোনীতে একটি সবজীর দোকান চালাতেন। ছেলে চন্দ্রচূড় ঘোষ শহরের বীরহাটা এলাকায় একটি গুমুরে দোকানে কাজ করেন।

সময় চাইলেন অমর্ত্যের আইনজীবী

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ২৫ মার্চ : বিশ্বভারতীর জর্যেণ্ট রোজিন্টার এবং এস্টেট অফিসার যৌথভাবে নোবেলজ্ঞানী অমর্ত্য সেনকে চিঠি পাঠিয়ে জানতে চান কেন তাঁকে উচ্ছেদের নোটিশ পাঠানো হবে না? পাশাপাশি, অমর্ত্য সেনকে এই প্রক্রিয়ার মধ্যে ২৫ তারিখ যা তারপর থেকে নোটিশ পাঠাবে বলে সতর্ক করা হয়। একইসঙ্গে, ২৯ তারিখ শুনানিয়ার জন্য অমর্ত্য সেনকে সারীরে বা তাঁর প্রতিনিধির মাধ্যমে হাজির থাকতে বলা হয়। অন্যথায় এক তরফা ডিরেক্টজারি ঘোষণা করা হয়। আর তিন দিন বাদে সেই শুনানি। সেই প্রেক্ষিতে অমর্ত্য সেনের আইনজীবী গৌরা চাদ চক্রবর্তী বিশ্বভারতী কর্তৃপক্ষকে চিঠি দিয়ে জানান যে অমর্ত্য সেন বর্তমানে বিদেশে আছেন। এই পরিস্থিতিতে সমস্ত কাগজ প্রমাণ জোগার করতে চার মাস সময় লাগবে। বিধায় তাকে চার মাস সময় দেওয়া হোক। এখন দেখার এরপর বিশ্বভারতী কর্তৃপক্ষ কি লিপিষ্ট গরম এবং ঠাণ্ডা সেট ট্রিনি মেশিনে, টেকনিক্যালি নিয়ম অনুযায়ী বেরকম উল্লিখিত আদ্যোপদি কত

NIQ, Govt. of West Bengal.	
 Tender is hereby invited by the Executive Engineer, PWD, Kolkata IT Division, Main Block, Ground Floor, Writers' Buildings, Kolkata-700001 from the eligible contractors for the following works.	
1. Name of Work: “Provision for temporary IT infrastructural work during the programme to be attended by VVIP near B.R. Ambedkar Statue, Red Road, Kolkata on 29 th and 30 th March, 2023”	
[Job No. KIT/RW/233 of 22-23]	
SHORT NOTICE INVITING QUOTATION (No-199/KIT/Q of 22-23) Bid Submission Closing: 28.03.2023 up to 03.00 PM	
Corrigendum or Addendum if issued will be published on our website.	
Sd/- Executive Engineer, PWD Kolkata IT Division	

ANCHURI GRAM PANCHAYAT
BADULARA *WEST SANABANDH* BANKURA
Notice Inviting Tender under 15 th FC (CFC BG)
e-Tenders are invited from Contractors for schemes under [NIT No-24/2022-23, (Memo No- 398/AGP) SI No. 1 NIT No-25/2022-23 (Memo No-399/AGP) SI No 1, Dated 23/03/2023, Last Date of Bid Submission 30/03/2023, up to 2:00 PM, Technical bid Opening Date- 03/04/2023], For details visit http://wbttenders.gov.in & Anchuri GP Office for details."
Sd/-Pradhan
Anchuri Gram Panchayat

উত্তর মধ্য রেলপথ

ই-প্রোকিওরমেন্ট টেন্ডার নোটিশ নং ০১/২০২২-২৩, তারিখঃ ২৫.০৩.২০২৩

ই-প্রোকিওরমেন্ট টেন্ডার নোটিশ

ভারতের রাষ্ট্রপতির হুমে, সিনিয়র মেন্টেরিয়াল ম্যানোভার, উত্তর মধ্য রেলপথ, ব্যান্ডি, নিম্নলিখিত কাজের জন্য ই-প্রোকিওরমেন্ট টেন্ডারের আহ্বান জানাচ্ছে

ক্রম নং	টেন্ডার নং	সংক্ষিপ্ত বিবরণ	পরিমাপ	টেন্ডার বন্ধ হোবার তারিখ
১	৪৪২০২১৩৬৭	সরবরাহ, প্রতিস্থাপন এবং সম্পাদনা, টুলি মুক্ত উচ্চ চাপ বিশিষ্ট গরম এবং ঠাণ্ডা সেট ট্রিনি মেশিনে, টেকনিক্যালি নিয়ম অনুযায়ী বেরকম উল্লিখিত আদ্যোপদি কত	০১ টি	২৪.০৪.২০২৩
২	৪২২০২১৩৬৮	স্ট্যান্ডার্ড ৪-ঢাকা বিশিষ্ট ট্রাক সাইড ওয়াল প্রাকটিক বিশিষ্ট এবং এম ও এস এক ই টি নিয়ন্ত্রক, নিমিষ্ট নিয়ম অনুযায়ী বেরকম উল্লিখিত আদ্যোপদি এ তে	০১ টি	২৪.০৪.২০২৩

নোটঃ উপরে ই-প্রোকিওরমেন্ট টেন্ডারের সম্পূর্ণ বিবরণ এবং ভাউনসোড করতে দেখুন থাইআইপিএন ওরেকলসইটস <https://www.irops.gov.in>

46123 (A)

North central railways www.ncrindianrailways.gov.in | @northcentralrailway | ৩৩০৩০৮

কোহলির আরসিবিতে চোটের কালো মেঘ পুরো ফিট না হয়েই খেলবেন ম্যাক্সি

বেঙ্গালুরু, ২৫ মার্চঃ আইপিএল শুরু হওয়ার দিন যত এগিয়ে আসছে বিভিন্ন ফ্র্যাঞ্চাইজিতে চোট-আঘাতের কালো ছায়াও ঘনিয়ে আসছে। এ বার সেই তালিকায় যুক্ত হল বিরাট কোহলির আইপিএল দল রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর। সম্পূর্ণ ফিট না হয়েই আরসিবির এক তারকা ক্রিকেটার মাঠে নামতে চলেছেন। কে তিনি? আরসিবির প্রস্তুতি শিবিরে ইতিমধ্যেই যোগ দিয়েছেন অজি তারকা ক্রিকেটার গ্লেন ম্যাক্সওয়েল। তিনি নিজেই তাঁর ফিটনেসের ব্যাপারটি সকলকে জানিয়েছেন। ম্যাক্সি এখনও ১০০ শতাংশ ফিট নন। তিনি আশাবাদী তা সত্ত্বেও তিনি আইপিএলে খেলতে পারবেন। পুরোপুরি ম্যাচ ফিট না হয়ে এ ভাবে যুকি নিয়ে তাঁর কি আইপিএলে খেলা ঠিক হবে? ক্রিকেট মহলের অনেকেই বলছেন, নিজের এই সিদ্ধান্তের জন্য পরে পশ্চাত্তে হতে পারে ম্যাক্সিকে। ভারতের বিরুদ্ধে তিন ম্যাচের ওডিআই সিরিজের প্রথম ম্যাচে খেলেছিলেন গ্লেন ম্যাক্সওয়েল। তারপর তিনি পৌঁছে গিয়েছেন আরসিবি শিবিরে। সেখানেই তিনি জানিয়েছেন, পুরোপুরি ফিট নন তিনি। আসলে গত বছর টি-২০ বিশ্বকাপ থেকে



অস্ট্রেলিয়া ছিটকে যাওয়ার পর এক বন্ধুর জন্মদিনের পার্টিতে গিয়ে বাঁ পা ভেঙে যায় ম্যাক্সওয়েলের। যার ফলে তাঁকে অস্ত্রোপচার

করতে হয়েছিল। সেই পুরনো চোটই পুরোপুরি সারেনি ম্যাক্সি। আরসিবির শেয়ার করা ভিডিয়োতে তাঁকে ফিটনেস নিয়ে প্রশ্ন

করা হলে তিনি বলেন, “আমার পায়ের অবস্থা ভালই। কিন্তু পুরোপুরি ১০০ শতাংশ ফিট হতে আমার এখনও কয়েক মাস সময় লাগবে। আমি আশা করি আইপিএলে এই পা নিয়ে অনায়াসে খেলতে পারব এবং আমার কাছে যেটা প্রত্যাশা করা হচ্ছে, তেমন পারফর্ম করতে পারব।” করোনার কারণে গত কয়েকটা মরসুমে হোম ও আওয়ে ফর্ম্যাটে আইপিএল হয়নি। এ বার ফিরছে এই হোম ও আওয়ে ফর্ম্যাট। আবার ঘরের মাঠের দর্শকদের সামনে খেলতে পারবেন ক্রিকেটাররা। এই নিয়ে রীতিমতো উত্তেজিত ম্যাক্সওয়েল। তিনি বলেন, “প্রায় দু’বছর পর বায়ো বাবলের বাইরে আইপিএল খেলতে পারব। ঘরের মাঠে দর্শকদের সামনে খেলতে নামার জন্য উত্তেজিত রয়েছি।” উল্লেখ্য, গত বছরের নিলামের আগে গ্লেন ম্যাক্সওয়েলকে ধরে রেখেছিল আরসিবি। ২০২২ সালের আইপিএলে ১৩টি ম্যাচে ৩০১ রান করার পাশাপাশি ছ’টি উইকেট নিয়েছিলেন ম্যাক্সওয়েল। এ বার দেখার পুরোপুরি ফিট না হয়েই মাঠে নেমে কেমন পারফর্ম করেন এই অজি তারকা।

‘মেসি সেরা হতেই পারেন, তবে রোনাল্ডো টিম প্লেয়ার’

মাদ্রিদ, ২৫ মার্চঃ লিওনেল মেসি না ক্রিশ্চিয়ানো রোনাল্ডো? ‘গোট’ বিতর্ক চলছে, চলবে। কাতালে ফুটবল বিশ্বকাপ উঠেছে মেসির হাতে। ফুটবল জগতের সবচেয়ে বড় পাওনা পেয়ে গিয়েছেন লিও। ৩৭ বছরের ক্রিশ্চিয়ানোর ভাগ্যে বিশ্বকাপ জেতা হল না। পরের বিশ্বকাপের আগে জাতীয় দল থেকে অবসর নিলে বিশ্বকাপ জয়ের অক্ষেপ থেকে যাবে সিআর৭-এর জীবনে। ব্যালন ডি’অর-এর সংখ্যাও বলছে এগিয়ে মেসি। অনেক ফুটবল ফ্যানের মতে, মেসিই যে সর্বকালের সেরা ফুটবলার এটা প্রমাণ হয়ে গিয়েছে কাতারেই। অনেকে আবার ব্যক্তিগত অর্জনকে মাপকাঠি করছেন না। জিইয়ে খেয়েছেন মেসি-রোনাল্ডো ‘গোট’ বিতর্ক। সেই বিতর্কে যোগ দিলেন নোদরল্যাভসের প্রাক্তন ম্যানেজার লুই ভ্যান গাল। মেসিকে সেরা বলেও রোনাল্ডোকে এগিয়ে রাখলেন তিনি। মেসির ঝুলিতে পুরস্কারের ছড়াছড়ি। ব্যক্তিগত পুরস্কারের দিক থেকে মেসি এগিয়ে থাকলেও রোনাল্ডো অনেক বেশি টিম প্লেয়ার। এমনটাই মনে করছেন প্রাক্তন ডাচ কোচ। তিনি বলেন, “বড় প্রশ্ন, মেসি নাকি ক্রিশ্চিয়ানো? এ এই সময়ের সেরা খেলোয়াড়



মেসি ও ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। তাদের মধ্যে সেরা নির্বাচন করা কঠিন। রোনাল্ডোর খেতাব মেসির চেয়ে বেশি বেশি। মেসির ব্যক্তিগত পুরস্কার বেশি, তবে রোনাল্ডো একজন টিম প্লেয়ার। তাই আপনাকে এদের একজকে বেছে নিতে হবে। আমি ফুটবলারের চেয়েও বেশি একটি দলের কোচ হিসেবে। মেসি সেরা ফুটবল খেলোয়াড় হতে পারেন, কিন্তু আপনাকে একটি দল হিসেবে খেলতে হবে।” স্প্যানিশ রেডিও স্টেশন ওত্তা সেরোকে বলেছেন গাল। গালের মন্তব্য শিরোনামে এসেছে তখনই যখন মেসি ও রোনাল্ডো উভয়েই নিজেদের আন্তর্জাতিক কেরিয়ারে দেশের হয়ে প্রতিনিধিত্ব করছেন। ২০২২ বিশ্বকাপ জয়ের পর ঘরের মাঠে প্রথম ম্যাচে মেসির নেতৃত্বাধীন আর্জেন্টিনা হারিয়েছে পানামাকে। তেমনই পূর্ভগাল ৪-০ গোলে হারিয়ে লিখটেনস্টাইনকে। চলতি সপ্তাহে কেরিয়ারে ৮০০ গালের রেকর্ড গড়েছেন মেসি। জাতীয় দলে তাঁর গোল সংখ্যা ১০০-র গণ্ডি ছোঁয়ার অপেক্ষায়। রোনাল্ডোর গালের সংখ্যা ৮৬০। ফুটবলের ইতিহাসে ৮০০ গালের গণ্ডি এই দুই ফুটবলার ছাড়া আর কারও ঝুলিতে নেই।

বিশ্ব মিটে সোনা ভারতের নয়া বক্সিং কুইন নীতু গংঘাসের

নয়াদিল্লি, ২৫ মার্চঃ এ বারের বিশ্ব মিট থেকে ভারতকে প্রথম সোনা এনে দিলেন ২২ বছরের নীতু গংঘাস। মঙ্গোলিয়ার বক্সার লুস্তুইখান আলতেনসেটসেগকে হারিয়ে বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে সোনার পদক জিতেছেন নীতু। এশিয়ান চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ পাওয়া মঙ্গোলিয়ার বক্সার লুস্তুইখানের বিরুদ্ধে দাপট দেখিয়ে জিতেছেন দু’বারের যুব চ্যাম্পিয়ন নীতু। এ বারের বিশ্ব মিটে ৪৮ কেজি বিভাগে নেমেছিলেন নীতু। ফহিনালে তিনি প্রথম রাউন্ড থেকে আক্রমণাত্মক ভাবে বাউট শুরু করেছিলেন। দাপট দেখিয়ে নীতু বাউটটা শেষ করে সোনা জিতে নেন। বার্বিংহাম কমনওয়েলথ গেমসে সোনারজয়ী নীতু এই প্রথম বার বিশ্ব মিটের ফহিনালে উঠেছিলেন। ৫-০ ব্যবধানে মঙ্গোলিয়ার বক্সারকে হারিয়েছেন নীতু। প্রথম রাউন্ডেই নীতুর ঘুষিতে বেসামাল হয়ে পড়েন লুস্তুইখান। দ্বিতীয় রাউন্ডে নীতুকে খানিকটা ধাক্কা দেওয়ার চেষ্টা করেন মঙ্গোলিয়ার বক্সার। শেষ অবধি দ্বিতীয় রাউন্ডও যায় নীতুর পক্ষে। দু’টো রাউন্ডে এগিয়ে থাকার পর তৃতীয় রাউন্ডে হাডডহাড্ডি লড়াই দেখা যায়। দু’জনই হবুদ কাড়ও দেখেন। কিন্তু নীতুর বেশ কয়েকটি নিরুত্ত পাখের কোনও জবাব ছিল না লুস্তুইখানের কাছে। ফলে শেষ অবধি ৫-০ ব্যবধানে বাউট জিতে নেন বছর ২২ এর নীতু।

আইপিএলে ফের ক্রিস ক্যারিশ্মা? ভারতে পা রাখলেন গেইল

বেঙ্গালুরু, ২৫ মার্চঃ বিরাট কোহলি, এবি ডিভিলিয়ার্স ও ক্রিস গেইল ত্রয়ীকে ফের একসঙ্গে দেখার সুযোগ। রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর শিবিরে পা পড়ল ইউনিভার্স বস ক্রিস গেইল ও এবি ডিভিলিয়ার্সের। একইদিনে আরসিবি শিবিরে যোগ দিয়েছেন বিরাট কোহলিও। ২০২২ সালের ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ থেকে নিজেকে সরিয়ে নিয়েছিলেন ক্রিস গেইল। একবছরের বিরতির পর ফের তাঁকে দেখা গেল রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর শিবিরে। আইপিএলে বেশ কয়েকটি দলে খেলেছেন ক্রিস গেইল। যদিও বিশ্ব সেরা এই



টি-২০ ফ্র্যাঞ্চাইজি লিগে সবচেয়ে বেশি সাফল্য পেয়েছেন আরসিবির জার্সিতে। ২০২৩ সালের আইপিএলে গেইল তাই ফিরলেন পুরনো ও সফলতম দলে। আরসিবির পক্ষ থেকে গেইলের আগমনের একটি ছবি পোস্ট করা হয়েছে। কাপশনে লেখা, “নিজের ফেরারিট হোমে ফিরলেন দ্য ইউনিভার্স বস। আনুষ্ঠানিকভাবে শুরু হল এন্টারটেইনমেন্ট। হ্যাপি হোমকামিং ক্রিস।” তবে এই ফেরাটা অন্য কারণে। আইপিএলে আর খেলেন না ক্রিস গেইল বা এবি ডিভিলিয়ার্স। ট্রফি না জিতলেও রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর টিমের অন্যতম সফল এই দুই ক্রিকেটার। তাই গেইল ও ডিভিলিয়ার্সের জার্সি দুটিকে অবসরে পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে ফ্র্যাঞ্চাইজিটি। দলের প্রতি তাঁদের অবদানের কথা মাথায় রেখে আরসিবির ‘হল অফ ফেম’-এ জায়গা দেওয়া হবে গেইল ও এবির ১৭ ও ৩৩৩ নম্বর জার্সি দুটিকে। জার্সি দুটিকে ‘হল অফ ফেম’-এ রাখার পাশাপাশি আনুষ্ঠানিকভাবে সম্মানিত করা হবে এই দু’জন ক্রিকেটারকে। যে কারণে আরসিবির গেট হিসেবে ভারতে এলেন গেইল ও এবিডি।

বেল-বিতর্কে আউট হয়েও নটআউট, হতভম্ব ক্রিকেট দুনিয়া!

অকল্যান্ড, ২৫ মার্চঃ যত কাণ্ড অকল্যান্ডে! কিংবা বলা উচিত, নাটকে ভরপুর অকল্যান্ড। ঘরের মাঠে টেস্ট সিরিজ জেতার পর শ্রীলঙ্কার বিরুদ্ধে ওয়ান ডে সিরিজ শুরু হয়ে গিয়েছে দুই টিমের। প্রথম ওয়ান ডে ম্যাচে আগে ব্যাট করতে নেমে ২৭৪ করেছিল টম ল্যাথামের নিউজিল্যান্ড। জবাবে ১৯.৫ ওভারে ৭৬ রানে অলআউট শ্রীলঙ্কা। কেউই কার্যত রান করতে পারেননি। নিউজিল্যান্ড ১৯৮ রানে জিতেছে প্রথম ওয়ান ডে ম্যাচ। এমন ভাবুড়ির ম্যাচ তো অনেক হয়। আজ্ঞেলো ম্যাথেউসদের অল্প রানে শেষ হওয়া যাওয়া



নিয়ে তীব্র সমালোচনা রয়েছে হয়তো, কিন্তু নাটক অন্যত্র। এমন ঘটনা, যা ক্রিকেট সন্মারের খেংই যারনি। ঘটনা শ্রীলঙ্কার ইনিংসের ১৮তম ওভারে। শিপলের দ্বিতীয় বলে চামিকা করুণারত্নে দ্বিতীয় রান নেওয়ার চেষ্টা করছিলেন। আর তা করতে গিয়ে রান আউটও হয়ে যান। ক্রিজ থেকে যখন দূরে ছিলেন, তখন নিউজিল্যান্ডের এক ফিল্ডার সরাসরি প্লোতে রান আউট করলেও চামিকা আউট হননি। কেন? প্লো উইকেটে লাগলেও বেলের আলো জ্বলেনি। যে কারণে ওই বলে ব্যাটার চামিকাকে আস্পায়ার নট আউট দেন। এমন নাটক ক্রিকেটে বিরল। ক্রিকেটের নিয়ম অনুযায়ী, উইকেটে বল লেগেলে ‘সেটা বোঝার জন্য এলইউট বেল ব্যবহার করা হয়। রান আউটের মতো সুস্থ আউটের ক্ষেত্রে যাতে থার্ড আস্পায়ারের সিদ্ধান্ত নিতে সুবিধা হয়। তবে বল উইকেটে লাগলেই শুধু হয় না, বেল জ্বলেও হয় না, একই সঙ্গে বেল মাটিতে পড়তে হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, আলো জ্বলেও বেল মাটিতে না পড়ার কারণে আউট দেন না আস্পায়ার। কিন্তু চামিকার মতো ঘটনা এর আগে হয়নি।

রোনাল্ডোর মতো সেলিব্রেশন করতে গিয়ে ছিড়ল লিগামেন্ট

হ্যানয়, ২৫ মার্চঃ বয়স যে তাঁর কাছে শুধু মাত্র একটা সংখ্যা তা তিনি সকলকে বার বার চোখে আঙুল দিয়ে বুঝিয়ে দিচ্ছেন। ৩৮-এর ক্রিশ্চিয়ানো রোনাল্ডো যেন থামার নামই নিচ্ছেন না। দেশের জার্সিতে হোক বা ক্লাবে সব জায়গাতেই রোনাল্ডো গড়ে চলেছেন নতুন নতুন রেকর্ড। সদ্য জাতীয় দলের জার্সিতে ১৯৭তম ম্যাচ খেললেন রোনাল্ডো। তিনি গোল করলেই এক বিশেষ স্টাইলে সেলিব্রেশন করে থাকেন। যা রোনাল্ডো প্রেমীদের কাছে পরিচিত ‘সিউউউ সেলিব্রেশন’ নামে। এই সিউউউ সেলিব্রেশন নকল করেন



অনেকেই। এ বার ভিয়েতনাম চ্যাম্পিয়নশিপে রোনাল্ডোর ট্রেডমার্ক স্টাইল নকল করতে গিয়ে বিপাকে পড়লেন এক ভিয়েতনামের তরুণ ফুটবলার। ভিয়েতনাম চ্যাম্পিয়নশিপে সে দেশের এক ফুটবলার গোল করে রোনাল্ডোর মতো সিউউউ সেলিব্রেশন করেছেন। এই সেলিব্রেশনের সময় রোনাল্ডো যেমন হাত মুঠো করে শূন্যে লাফ দেন, তেমনভাবেই ভিয়েতনামের ওই তরুণ ফুটবলার সেলিব্রট করেন। এরপরই বিপত্তি। স্প্যানিশ সংবাদপত্র মুন্দো ডিপারতিভো-এর খবর অনুযায়ী, সিউউউ সেলিব্রেশন করে মাটিতে ল্যাণ্ডিংয়ের সময় ভিয়েতনামের অনূর্ধ্ব-১৭ দলের ওই ফুটবলারের পায়ে চোট লাগে। যার ফলে তাঁর বাঁ পায়ের লিগামেন্ট ছিড়ে যায়। গোল করে সিআর সেভেনের মতো সেলিব্রট করার পর প্রথমে ভিয়েতনামের যুব দলের ওই ফুটবলার নিজের চোটের বিষয়টি বুঝতে পারেননি। কিন্তু এরপর হাটতে গিয়েই পায়ে তীব্র যন্ত্রণা অনুভব করেন। একটু হাঁটার পরই মাঠের মধ্যে লুটিয়ে পড়েন তিনি। স্টেটারে শুয়ে মাঠ ছাড়েন ওই ফুটবলার।

নতুন মুখদের নিয়ে গতবারের হতাশা ভুলতে চায় সিএসকে

চেন্নাই, ২৫ মার্চঃ চারবারের আইপিএল চ্যাম্পিয়ন চেন্নাই সুপার কিংস আইপিএল ২০২৩-এর প্রথম ম্যাচে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন গুজরাট টাইটান্সের বিরুদ্ধে লড়বে। আইপিএল শুরু হওয়ার বেশ কয়েকদিন আগে থেকে ৪১ বছর বয়সী মহেন্দ্র সিং ধোনি আসন্ন মরসুমের জন্য সিএসকে স্কোয়াডের সঙ্গে অনুশীলন শুরু করেছেন। ইতিমধ্যে দলে যোগ দিয়েছেন রবীন্দ্র জাডেজা। এনে স্টোকস সহ দলের অন্যান্যরাও ঢুকে পড়েছেন সিএসকে শিবিরে। গত মরসুমটা একেবারেই ভালো কাটেনি সিএসকের।



চারবারের চ্যাম্পিয়নরা ২০২২ সালের আইপিএলের খারাপ অভিজ্ঞতা ভুলে নয়া উদ্যোগে শুরু করতে চায়। মার্কি টি-২০ লিগের ইতিহাসে দ্বিতীয় সফল দলটি ২০২১ সালের পর ফের একবার চ্যাম্পিয়ন হয়ে টর্নামেন্ট শেষ করতে চায়। ২০২২ সালটা নাটকীয়ভাবে কেটেছে চেন্নাই সুপার কিংসের। মহেন্দ্র সিং ধোনির ছায়া থেকে বেরনো প্রয়োজন। এটা বুঝেই ভবিষ্যতের ক্যাপ্টেনকে তৈরি করতে চেয়েছিল সিএসকে। ধোনির ব্যাটন রবব্র জাডেজা হাতে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। নতুন অধিনায়কের অধীনে মরসুমের প্রথমার্ধে হতাশাজনক পারফরম্যান্স ছিল চেন্নাইয়ের। একের পর এক হার। যে কারণে মরসুমের মাঝপথে ফের একবার ধোনির হাতে ক্যাপ্টেনির ভার দেওয়া হয়। পয়েন্ট টেবিলের নীচে থাকা দলটি শেষ পর্যন্ত ঘুরে দাঁড়াতে পারেনি। দ্রুত বিদায় নিতে হয়েছিল চেন্নাইকে। ২০২৩ সালের নিলামে বেশ কয়েকজন বড় নামের প্রবেশ হয়েছে চেন্নাই সুপার কিংস টিমে। ১৬.২৫ কোটি টাকায় বেন স্টোকসকে দলে নিয়েছে সিএসকে।

পাক শিবিরে আফগান হামলা ৯২ রানে অলআউট

শারজা, ২৫ মার্চঃ কয়েকদিন আগেই শেষ হয়েছে পাকিস্তান সুপার লিগ। রানের বন্যা বয়েছিল পাকিস্তানের ফ্র্যাঞ্চাইজি লিগে। ২০০ রান আকছার তুলে ফেলছিল দলগুলি। লিগের ফাইনাল ম্যাচে ওঠে ৪০০-র মতো রান। ফ্র্যাঞ্চাইজি লিগে যাদের ব্যাট রানের বর্ষা ছিছিল জাতীয় দলের জার্সি চাপাতেই ভেঁতা হয়ে গেল অস্ট্র। পিএসএল শেষ হওয়ার পরই আফগানিস্তানের বিরুদ্ধে টি-২০ সিরিজ খেলতে সংযুক্ত আরব আমিরশাহি গিয়েছে পাকিস্তান। প্রথম ম্যাচেই লজ্জার হার। প্রথম টি-২০তে পাকিস্তানের রান ১০০-র ঘর পর্যন্ত পৌঁছতেই দিলেন না মহম্মদ নবি, মুজিব উর রহমানরা। ব্যাটে-বলে পিএসএলে ঝড় তোলা ক্রিকেটারদের বাস্তবের মাটিতে নামিয়ে আনল আফগানিস্তান। এই প্রথম আফগানদের বিরুদ্ধে টি-২০ ফরম্যাটে হার বাবর আজমদের। বলা যেতে পারে আফগানিস্তানকে হালকাভাবে নেওয়ার মাসুল গুণতে হল পাকিস্তানকে। দলে নেই বাবর আজম, শাহিন শাহ আজদিদের মতো তারকা মুখগুলি। তার উপর প্রথম ম্যাচে মাঠে নামানো হয়নি শান মাসুদ, ইফতিকার আহমেদ, মহম্মদ নওয়াজদের। যার ফল ভুগতে হল। শাদাব খানের নেতৃত্বে শারজার মাঠে প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে



মার্চ ৯২ রান ওঠে পাকিস্তানের স্কোরবোর্ডে। টি-২০তে সর্বনিম্ন স্কোর না হলেও পুরো ওভার খেলার পর ধরলে সবচেয়ে কম স্কোর এটাই। এর আগে অস্ট্রেলিয়া ২০১৪

সালে ২০ ওভার ম্যাচ খেলে ৯৬ রানে আউট হয়েছিল। পাকিস্তানের ইনিংসে ওঠে সর্বাধিক ৩২ বলে ১৮ রান। জবাবে মহম্মদ নবির ৩৮ বলে অপরাধিত ৩৮ রানের ইনিংসে ছয় উইকেট বাকি থাকতেই ১৭.৫ ওভারে লক্ষ্যে পৌঁছে যায় আফগানরা। ছক্কা হাকিয়ে ম্যাচ শেষ করেন নবি। পাকিস্তানের বিরুদ্ধে প্রথম জয়ে আত্মবিশ্বাসে টগবগ করে ফুটছে আফগানরা। এর আগে ২০২২ এশিয়া কাপ ও ২০১৯ সালের ওডিআই বিশ্বকাপে জয়ের খুব কাছে পৌঁছেও পাকিস্তানের বিরুদ্ধে হারতে হয়েছিল আফগানদের। ২০২৩ সালে দুটি দলের প্রথম মোকাবিলায় জয়জয়কার আফগানদের। গতবছর এশিয়া কাপে এই শারজার মাঠেই পাকিস্তান-আফগানিস্তান ম্যাচে ধুমুদার বেঁধে গিয়েছিল। পাকিস্তানিস্তান ৬ উইকেট হারিয়ে ১২৯ রান করে। জবাবে ১১৮ রানে ৯ উইকেট হারিয়ে ফেলেছিল পাকিস্তান। কিন্তু শেষ ওভারে পরপর দুটি ছক্কা হাকিয়ে ম্যাচ জিতিয়ে দেন নাসিম শাহ। মাঠে দুটি দলের ক্রিকেটারদের মধ্যে ঝামেলা বেধে গিয়েছিল। অশান্তি বাধে গ্যালারিতেও। দুই দলের সমর্থকরা চেয়ার ভাঙচুর করে হাতাহাতিতে জড়িয়ে পড়ে। সেদিনকার বদলা সুদে আসলে পুথিয়ে নিল আফগানিস্তান।

ক্যাপ্টেন এমবাপের পথ চলা শুরু, জোড়া গোলে জেতালেন ফ্রান্সকে

প্যারিস, ২৫ মার্চঃ বয়স দিয়ে তাঁকে বিচার করা যায় না। ১৮ বছরে প্রথম বিশ্বকাপ জয়। ২৪ বছরে পা দেওয়ার আগেই জোড়া ফুটবল বিশ্বকাপের ফাইনাল খেলেছেন। ব্যক্তিগত পুরস্কারের ঝুলিটা উপচে পড়ছে ইতিমধ্যেই। তাই ছগো লরিসের অবসরের পর ফ্রান্স দলের নেতৃত্ব কাকে দেওয়া হবে, তা নিয়ে বেশি সময় খরচ করেননি ফ্রান্সের কোচ দিদিয়ের দেশ্য। মেসি-রোনাল্ডোদের পর ফুটবল বিশ্বের ভবিষ্যৎ মহাতারকা হিসেবে ধরা হচ্ছে কিলিয়ান এমবাপেকে। ইউরোর যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে ফ্রান্সের নেতা হিসেবে বেছে নেওয়া হয়েছে তাঁকে। নেতৃত্বের বাড়তি দায়িত্ব যে তাঁর যাড়ে বাড্জিত বোঝা চাপাতে পারেনি তা প্রথম ম্যাচেই প্রমাণ করলেন। ইউরোর কোয়ালিফায়ার্স পর্বে ফ্রান্সের ম্যাচ ছিল নেদারল্যান্ডসের বিরুদ্ধে। ৪-০ গোলে ডাচদের উড়িয়ে দিয়েছে ফ্রান্স। জোড়া গোল করে,



করিয়ে দেশকে জিতিয়ে অধিনায়কত্বের শুভ সূচনা ফ্রান্সের কনিষ্ঠতম ক্যাপ্টেন। ১০ বছর ধরে ফ্রান্সকে নেতৃত্ব দিয়েছেন ছগো লরিস। এ বার শুরু এমবাপের যুগ। ম্যাচের মাত্র ২ মিনিটেই এমবাপের অ্যাসিস্ট থেকে গোল করেন সহ-অধিনায়ক আতোয়া গ্রিজম্যান। ম্যাচের ৮ মিনিটে ফের গোল। এবার উপমেকানো। অধিনায়ক এমবাপের পা থেকে প্রথম গোল এল ম্যাচের ২১ মিনিটে। চুয়ামেনির পাস থেকে ডাচদের জালে বল

জড়িয়ে দেন। প্রথমার্ধে ঝড়ের গতিতে তিন গোলে এগিয়ে গিয়ে গেলেও ম্যাচে ফেরার চেষ্টা চালিয়ে যায় নেদারল্যান্ডস। কিন্তু সাফল্য আসেনি। ৭৮ মিনিটে সহজ সুযোগ মিস করেন এমবাপে। দ্বিতীয় গোল পেতে বেশি সময় লাগেনি। ৮৮ মিনিটে ম্যাচে জোড়া গোল করে ফ্রান্সের জাতীয় দলের হয়ে পঞ্চম সেরা গোলদাতার তালিকায় ঢুকে পড়েছেন। এদিন সর্বাধিক গোলদাতার তালিকায় ছাপিয়ে গিয়েছেন করিম বেঞ্জেমাকে। ফ্রান্সের হয়ে এমবাপের গোল সংখ্যা এখন ৩৮টি। দুই দলের বিশ্বকাপের ফাইনালে হ্যাটট্রিক করেছিলেন। জাতীয় দলের হয়ে ফিরেই জোড়া গোল করেন। হ্যাটট্রিক মিস করেছেন একটুর জন্য। শিষ্যের পারফরম্যান্সে উচ্ছসিত দিদিয়ের দেশ্য। গর্বিত কোচ বলেছেন, “এমবাপেকে ক্যাপ্টেনি বা যে কোনও দায়িত্ব দেওয়া হোক, ওর খেলায় কোনও পরিবর্তন হবে না।”